ঋগ্বেদ	বি.	ऋग्वेद	চতুর্বেদের মধ্যে প্রাচীনতম বেদ	ऋग्वेद, चार वेदों में प्राचीनतम वेद	earliest of the four Vedas
ঋজু	বি.	ऋज	সোজা, সরল, সহজ, অকুটিল	ऋजु, सीधा, सरल, सहज, अकुटिल	straight, erect, upright, easy, guilelesss
ঋণ	বি.	ऋण	কর্জ, ধার, দেনা	ऋण, कर्ज,उधार,देनदारी	debt, loan
ঋণপত্র	বি.	ऋणपत्र	তমসুক, যে দলিলে ঋণগ্রাহী ঋণ স্বীকার করে, খত	ऋणपत्र, वह पत्र जिस पर कर्जदार ऋण लेने वे हस्ताक्षर करता है,प्रोनोट	a note of hand, a writtern bond of debt, bond, pronote
ঋণী	বিন.	ऋणी	ঋণগ্রাহী, অধমর্ণ, খাতক, উপকারীর নিকট কৃতজ্ঞ	ऋणी, ऋण लेनेवाला, कर्जदार, उपकारी के प्रति कृतज्ञ	debtor, indebted, borrower, grateful
ঋত	বি.	ऋत	১. সত্য ২.যথার্থ্য, সত্যাচার ৩. সত্য প্রতিজ্ঞা	सत्य वास्तविकता सत्याचार, सत्यप्रतिज्ञा	the truth genuineness reality,cultivating the truth, commitment to truth
ঋতু	বি.	ऋत	বর্ষের প্রাকৃতিক বিভাগ, স্ত্রীরজ	ऋतु, वर्ष के प्राकृतिक विभाग, स्त्रीरज	season, menstruation
ঋতুকাল	বি.	ऋतकाल	রজস্বলা অবস্থা	ऋतुकाल,रजस्वला अवस्था	menstrual period
ঋতুপতি	বি.	ऋतपति	ঋতুরাজ বসন্ত	ऋतुपति,ऋतुराज, वसंत	the king of seasons, the spring(season)
ঋতুমতী	বিন.	ऋतमती	রজস্বলা	ऋतुमती, रजस्वला	menstruating
ঋতুস্নান	বি.	ऋतस्नान	ঋতুর পর চতুর্থ দিবসে বিহিত স্নান	ऋतुस्नान, मासिक धर्म के पश्चात् चौथे दिन विहित स्नान	decreet bath on the fourth day following menstruation

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
ঋত্বিক্	বি.	ऋत्विक्	যজ্ঞের পুরোহিত, যাজক	ऋत्विक्, यज्ञ का पुरोहित, याजक	priest, family priest
ঋদ্ধ	বিন.	ऋद्ध	সমৃদ্ধ, উন্নতি সম্পন্ন, ঋদ্ধিযুক্ত	समृद्ध,संपन्न, ऋद्धियुक्त	prosperous, flourishing, glorified by good fortune
ঋদ্ধি	বি.	ऋद्धि	১.সমৃদ্ধি উন্নতি, অভ্যুদয়	ऋद्धि, समृद्धि,उन्नति	prosperity, affluence
			২.সৌভাগ্য	अभ्युदय, सौभाग्य	good fortune, emergence
			৩.সম্পত্তি	संपत्ति	prosperity
ঋষি	বি.	ऋषि	বেদমন্ত্র রচয়িতা, মুনি,যোগী	ऋषि, वेदमंत्र रचयिता,मुनि, योगी	composer of Vedic hymn, sage, saint
এই	সর্ব.	एइ	সম্মুখবর্তী, নিকট, বিষয় বা বস্তু নির্দেশক সম্বোধন বা আহ্বান সূচক শব্দ	यह,सामने का,निकटस्थ विषय या वस्तु निर्देशक संबोधन या आह्वान सूचक शब्द	this, a word indicating a thing or object placed near
এক	বিণ.	एक	১. ১, অঙ্ক বা সংখ্যা	एक (१) का अंक या संख्या,	one,
			২. অভিন্ন, সম	अभिन्न, सम	equal, undivided,
			৩. অদ্বিতীয়	अद्वितीय	having no second, unique
			৪. সম্মিলিত, মিশ্রিত	सम्मिलित	mixed, amalgamated,
			৫. একাগ্র (মনা)	एकाग्र	concentrated
একক	বিণ.	एकक	১. একাকী, একলা	एकाकी, अकेला,	alone, unaccompanied, unaided
			২. সহায় বিহীন	असहाय	helpless,
	বি.		৩. কেবল, যে নির্দিষ্ট মাত্রার দ্বারা পরিমাপ হয়		unit
এক কাট্টা	বিণ.	एक काट्टा	১. এক উদ্দেশ্যে দলবদ্ধ, এক জোট	संगठित	united for the same purpose, gathered
			২. একত্র, জড়	एकत्र	together, assembled
এক কালীন	বিণ.	एक कालीन	১. এক সময়ের, সমসময়িক	एककालीन, एक समय का, समसामयिक,	contemporary
			২. একবারের মতো	एक बार के लिये	for one time

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
একগাল	বিণ. বি.	एक गाल	১.গালভরা, মুখপোরা ২. এক গ্রাস	मुंह भरकर, एक ग्रास	mouthful, (only) a morsel
একগুঁয়ে	বিণ.	एकगुंय	১.জেদী, একরোখা ২. অবাধ্য, যে নিষেধ বা বারণ শোনে না	जिद्दी,हठी, जो मना करने पर न माने	obstinate, stubborn, disobedient
একঘরে	বিণ.	एकघर	নিজ সমাজ কর্তৃক বর্জিত সমাজ পতিত	समाजच्युत, बहिष्कृत	outcaste,excom-municated
একঘেয়ে	বিণ.	एकघेय	১.বৈচিত্র্যহীন ২.একসুর ৩.নূতনত্বহীন	उबानेवाला, एकसुरा, नवीनतारहित	boring, monotonous, hackneyed
একচালা	বিণ.	एकचाला	একচালা বিশিষ্ট ঘর	छप्पर	having only slanting roof
একচুল	বিণ.	एकचुल	লেশমাত্র, অত্যন্ত মাত্র	लेशमात्र, अत्यंत कम·	a trace only, just a little
একচেটিয়া/ একচেটে	বিণ. বি.	एकचेटिया/ एकचेट	কেবল এক ব্যক্তির বা সংঘ বিশেষের আয়ত্ত	एकाधिकार संबंधी, एकाधिकार	monopolistic, monopoly
একচোখা	বিণ.	एकचाखा	১. পক্ষপাতী ২.যাহার এক পক্ষে দৃষ্টি ৩. অনুদার	पक्षपाती, जिसकी दृष्टि एकपक्षीय हो, अनुदार	partial, one who looks at one aspect only, conservative
একচোট	ক্রি.বিণ.	एकचोट	১. একচোট ২.এক দফায় প্রচুর	एक बार में, एक बार के लिये पर्याप्त	in one go in one attempt, alone
একচ্ছত্র	বিণ.	एकच्छत्र	একরাজার অধীন, একজন অধিপতির শাসনাধীন	एकछत्र,जो एक राजा केअधीन हो,एक अधिपति के शासनाधीन	under a single regime, under the rule of one sovereign
একছুটে	বিণ.	एकछुट	১. লম্বা দৌড়, বাধারহিত দৌড়ান ২.এক বস্ত্র হইয়া, কেবল, বা শাড়ি পরিয়া	लंबी दौड़, बाधारहित दौड़, एक वस्त्र होकर केवल धोती या साड़ी पहने	long run, unimpeded(race), in one piece of cloth (male or female)

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
একজাই	ক্রি.বিণ.	**एकजाइ**	নিরন্তর, বারবার, মোট হিসাব	निरंतर, बारंबार, सब मिलाकर या कुल मिलाकर	continuously, repeatedly, in aggregate
একজোট	বিণ.	**एकजोट**	১. দলবদ্ধ, একত্র মিলিত	दलबद्ध, एकत्र मिलकर	welded into one party, united, together
			২. একমতালম্বী	एकमतावलंबी	holding the same doctrine
			৩. এককাট্টা	इकट्ठा	united on a common purpose
একটানা	ক্রি.বিণ.	**एकटाना**	১. অবিরাম, নিরন্তর ২. একদিকে প্রবাহিত	अविराम, निरंतर, एक दिशा की ओर प्रवाहित	continuous, ceaseless, in one direction
	বিণ.		একঘেয়ে	एकसुरा	monotonous
একটিনি	বিণ.	**एकटिनि**	স্থায়ী কর্মচারীর পরিবর্তে কিছু দিনের জন্য কাজ	अस्थायी, स्थायी व्यक्ति के स्थान पर कुछ दिनों के लिए काम	temporary hand in place of permanent incumbent
একটু	বিণ.	**एकटु**	অল্প, খানেক, কিছু, সামান্য	अल्प, सामान्य, कुछ	a little, a triffle, some, not much
একতন্ত্র	বিণ.	**एकतंत्र**	১.এক মতাবলম্বী	एक मतावलंबी	holding the same doctrine
			২.একতারা	एकतारा	single stringed instrument
			৩.এক সম্প্রদায়ভুক্ত	एक संप्रदाय से संबंधित	belonging to one community
একতম	বিণ.	**एकतम**	বহুর মধ্যে এক	बहुतों में से एक	one among many
একতর	বিণ.	**एकतर**	১.দুই এর মধ্যে এক ২.বিসদৃশ	दो में से एक निराला	one between two unique
	ক্রি.বিণ.		৩.একস্থানে ৪.একপ্রকার	एक ही स्थान में, एक ही प्रकार से	at one place in one way
একতরফা	বিণ.	**एकतरफा**	১.কেবল এক পক্ষ সম্বন্ধীয়, এক দিক	एकतरफा, केवल एकपक्ष का, एक ओर का	one sided
একতা	বি.	**एकता**	১.ঐক্য, মিলন, একভাব	एकता,ऐक्य,मिलन,एकभाव,	unity, union, sameness
			২.অভেদ, অভিন্নতা	अभेद, अभिन्नता	identity, undividedness

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
একতান	বিণ.	एकतान	১.একাগ্র চিত্ত, একবিষয়ে নিবিষ্ট মন	एकतान,एकाग्रचित्त, एक विषय में निमग्न,	concentrated, engrossed,
	বি.		২.একযোগে বাঁধা স্বর	समवेत स्वर,वृंदगान	concert, harmony, chorus
একতার	বিণ.	एकतार	১.একতন্ত্র যুক্ত ২.সমান স্বাদ যুক্ত	एकतार, एकतारयुक्त समान रुचि वाले	single stringed, having similar taste
এক তারা	বি.	एकतारा	একটি তার বিশিষ্ট বাদ্যযন্ত্র বিশেষ	एकतारा,एकतार का बाजा	a single stringed musical instrument
এক তালা	বি.	एकताला	সংগীতের তাল বিশেষ	एकताल,संगीत का ताल विशेष	name of a beat in Hindustani classical music
একত্র	বিণ.	एकत्र	মিলিত, মিশ্রিত সমবেত	एकत्रित, समवेत, इकट्ठे	united, assembled gathered, concerted
	ক্রি.বিণ.		১. একস্থানে ২. এক বিষয়ে	एक स्थान पर एक विषय में	at one place on one subject
একত্ব	বি.	एकत्व	একের ভাব, মিলন, ঐক্য একতা	एकता का भाव, मिलन, ऐक्य, एकता	the sense of unity, union, oneness, identity
একথোকে	ক্রি.বিণ.	एकथोवे	কিস্তী বন্দী না করিয়া একেবারে	एक बार में (किश्तों में नहीं)	in one bunch (and not in instalments)
এক দম	ক্রি.বিণ.	एकदम	একেবারেই, পুরো, মূলে	एकदम, बिलकुल,पूरा, मूल से	altogether, thoroughly, fully, from the beginning
একদা		एकदा	কোনও সময়ে, একই কালে যুগপৎ	एक बार, किसी समय में	once upon a time, at the same time, simultaneously

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
এক দৃষ্টি	বি.	**एकदृष्टि**	১. একাগ্র দৃষ্টি, অনন্য দৃষ্টি ২.একবিষয়ে দর্শন,একনজর ৩. একদিকে দৃষ্টিপাত	একाग्र दृष्टि, अनन्य दृष्टि केवल एक पक्ष पर ध्यान, केवल एक ओर दृष्टिपात	fixed look, fixed gaze, seeing only one side of a matter, looking at one direction fixedly or gazingly
এক দেশদর্শী	বিণ.	**एक देशदशी**	১. একদিক দর্শনকরী ২. পক্ষপাতী, একচোখা ৩. অদূরদর্শী ৪. সঙ্কীর্ণ	एक ओर देखनेवाला, पक्षपाती,एक आंख का, अदूरदर्शी, संकीर्ण	one who sees only at one side of a matter, partial, prejudiced, lacking in foresight, narrow-minded
এক নলা	বিণ.	**एक नला**	একটি মাত্র নল যুক্ত	एक नली, एक नलीवाली	single barrelled
এক নাগাড়ে	ক্রি.বিণ.	**एक नागाड़**	ক্রমাগত একই ধারায় নিরবিচ্ছিন্ন ভাবে, অবিশ্রান্ত	लगातार, अविच्छिन्न भाव से, अविश्रांत भाव से	at a stretch, ceaselessly, continuously
এক নায়ক	বি.	**एक नायक**	স্বৈর শাসক	अधिनायक	absolute monarch
এক নায়কতন্ত্র	বি.	**एकनायकतंत्र**	একজন মাত্র শাসন কর্তার নির্দেশ অনুসারে যে শাসন ব্যবস্থা	अधिनायकतंत्र	dictatorship, totalitarianism
একনিষ্ঠ	বিণ.	**एकनिष्ठ**	১. এক বিষয়ে বা ব্যক্তিতে নিষ্ঠাবান, একাগ্র ২.একের প্রতি অনুরক্তি যে স্ত্রীর	एक विषय या व्यक्ति में निष्ठावान, एकाग्र जिस स्त्री की एक के प्रति निष्ठा या अनुरक्ति हो	devoted to one single mindedly single mindedly devoted wife
এক পত্নী	বি.	**एक पत्नी**	পতিব্রতা, পতিপরায়ণা	पतिव्रता, पतिपरायणा	devoted to husband, deeply dutifully attached to one's husband
একপত্নীক	বিণ.	**एक पत्नीक**	যে দ্বিতীয় বার বিবাহ করে নাই, এমন পুরুষ	जिसने दूसरी बार विवाह न किया हो ऐसा पुरुष	married once, monogamous (man)

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
এক পুরুষ	বি.	एक पुरुष	১. এক ব্যক্তির জীবনকাল ২. পুরুষোত্তম, পরমেশ্বর	एक व्यक्ति का जीवन काल पुरुषोत्तम,परमेश्वर	life time of one individual superman, the supreme being
এক পেট	ক্রি.বিণ.	एक पेट	ভর পেট	भरपेट	belly full
এক পেশে	বিণ.	एक पेशे	১. এক দিকে কাৎ ২.এক দিকে ঝোঁকা ৩. পক্ষপাতী	एक ओर को झुका हुआ पक्षपाती	tilted on one side partial, leaning on one side
এক বচন	বি.	एक वचन	(ব্যাকরণে) এক ব্যক্তি বস্তু বিষয় বাচক শব্দ	(व्याकरण)एक व्यक्ति, वस्तु अथवा विषय वाचक शब्द	the singular number
এক বর্ণ	বি.	एक वर्ण	১. যাহার বর্ণ এক, একরঙ ২. একাক্ষর ৩. কিছুমাত্র	जिसका वर्ण एक हो, एकरंगा एकाक्षर मात्र थोड़ा सा	one having one colour one letter a little
এক বাক্যে	বি.	एक वाक्य	এক কথা, অভিন্ন বাক্য	एक ही बात, अभिन्न वाक्य	a sentence conveying the same sentiments
একবস্ত্র	বিণ.	एकवस्त्र	যাহার পরিধেয় বস্ত্র একটি মাত্র, একমাত্র বস্ত্র, একছুট	जिसके पहनने का एक ही वस्त्र हो, जो एक वस्त्र पहने हो	one having a single piece of cloth, wearing only a single piece of cloth
একবাক্যে	ক্রি.বিণ.	एकवाक्ये	ঐক্য মনের সহিত, অবিসংবাদী	एकमत से, निर्विरोध भाव से	unanimously, uncontroverted, with one voice
একবার	ক্রি.বিণ.	एकबार	একদফা, একসময়	एक बार, एक दफा एक समय	once, one time
একবারে	ক্রি.বিণ.	एकबारे	১. এক কালে, এক সময়ে ২. এক চেষ্টায়, সম্পূর্ণ রূপে ৩. হঠাৎ	एक समय में एक कोशिश में, संपूर्ण रूप से हठात्	at a time in one attempt, thoroughly suddenly

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
একভাবে	ক্রি.বিণ.	**एकभावे**	এক প্রকারে, একনিষ্ঠভাবে, তদ্‌গতচিত্তে, একমনে	एक प्रकार से, एक-निष्ठभाव से, तन्मय होकर, एक मन से	thoroughly, with full concentration, of one accord, single mindedly
একমত	বিণ.	**एकमत**	সমমতাবলম্বী, অনন্যমত	एकमत, सममतावलंबी	of the same opinion, of one opinion
একমনা	বিণ.	**एकमना**	একাগ্রচিত্ত, অনন্যমনা, একাগ্র হৃদয়	एकमना, एकाग्रचित्त, अनन्यमना, एकाग्र हृदय	single minded, concentrated
একমাত্র	বিণ.	**एकमात्र**	একের অনধিক, কেবল একটি	एकमात्र, केवल एक	not more than one, the only
একমেটে	বিণ.	**एकमेटे**	১. যাহাতে একবার মাটির লেপ দেওয়া হইয়াছে	जिसके ऊपर मिट्‌टी का केवल एक लेप दिया गया है	a thing having only one coat of clay
			২. আংশিকভাবে সম্পাদিত	आंशिक रूप में किया गया	partially done
একর	বি.	**एकर**	৪৮৪০ বর্গফুট পরিমিত ভূমি	4840 वर्ग फुट जमीन, एकड़	an acre
একরকম	বিণ.	**एकरकम**	তুল্য প্রকার, ভালও নয় মন্দও নয়	एक ही तरह का, अच्छा भी नहीं खराब भी नहीं	similar, neither good nor bad
একরত্তি	বিণ.	**एकरत्ति**	১. একরতি পরিমিত	एक रत्ती तोल	a measurement of weight equivalent to 11/4 grains
			২. অত্যল্প	बहुत कम	very little
			৩. ছোট্ট	छोटा सा	small
একরার	বি.	**एकरार**	স্বীকার, কবুল	इकरार, स्वीकार, कबूल	confession, admission
একরার নামা	বি.	**एकरार नामा**	স্বীকারপত্র, প্রতিজ্ঞাপত্র, দলিলপত্র	इकरारनामा, स्वीकारपत्र, प्रतिज्ञापत्र	note or document, recording of confession
একরোখা	বিণ.	**एकरोखा**	একগুঁয়ে, বদরাগী, রগচটা	हठी, गुस्सेबाज, क्रोधी	obstinate, short-tempered, ill-tempered

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
একল সেঁড়ে	বিণ.	**एकल सेंड़े**	১. যে একলা থাকিতে ভালবাসে	जिसको अकेला रहना अच्छा लगे	one fond of living alone, self centred
			২. অমিশুক	जो मिलेजुले नहीं	unsociable
			৩. অসামাজিক	असामाजिक	unsocial
			৪. স্বার্থপর	स्वार्थपर	selfish
একলা	বিণ.	**एकला**	একাকী	अकेला, एकाकी	alone, solitary,
	বি.		একক	इकाई	a unit
একশিরা	বি.	**एकशिरा**	অণ্ডকোষের একদিকের স্ফীতি	अंडकोष के एक ओर की सूजन, अंडवृद्धि	hydrocele
একশেষ	বিণ.	**एकशेष**	চূড়ান্ত, অতিশয়, চরম,	अत्यंत, अत्यधिक, चरम,	much, excessive, maximum,
	বি.		দ্বন্দ্ব সমাস বিশেষ	द्वंद्व समास	a kind of 'samasa' (compound word)
একসা	বিণ.	**एकसा**	১. মিলিত, একসঙ্গে	एकत्र, एक साथ अथवा	mixed up together
			২. একাকার	एक संग, एक रूप, एकाकार	all in a mess
একসূত্র	বিণ.	**एकसूत्र**	একনিদানজাত, এক সূতার	एक ही स्रोत से उत्पन्न, एक सूत का	of the same origin, of one thread
একহাত	ক্রি.বিণ.	**एकहात**	একচোট	एक ही बार के लिए काफी	enough for one time
একহারা	বিণ.	**एकहारा**	ছিপছিপে, কৃশকায়	इकहरा, कृशकाय	slim, slender
একা	বিণ.	**एका**	একাকী, কেবল, অসহায়, নিঃসঙ্গ	अकेला, एकमात्र, निस्सहाय	alone, only, helpless
একাকার	বিণ.	**एकाकार**	১. সমাকৃতি	समान रूपवाला	of the same shape
			২. একত্র মিশ্রিত	एक साथ मिला हुआ	mixed together
			৩. এক সমান	एक समान	all equal
একাকী	বিণ.	**एकाकी**	একক, একলা, নিঃসঙ্গ	एकक, अकेला, निस्संग	one, alone, solitary
একাগ্র	বিণ.	**एकाग्र**	একনিষ্ঠ, অনন্যমনা	एकनिष्ठ, एकाग्रचित्त	devoted, single minded

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
এককাট্টা	বিণ.	एककाट्टा	একত্র, সমবেত	एकसाथ, समवेत	together, unified
একাত্মা	বিণ.	एकात्मा	একপ্রাণ, একমন, অভিন্ন হৃদয়	एकचित्त, एकमत, अभिन्नहृदय	having the same soul and mind, inseparably united
একাদশী	বিণ.	एकादशी	১. তিথি বিশেষ ২. হরিবাসর	शुक्ल या कृष्ण पक्ष का ग्यारहवाँ दिन उपवास या व्रत का दिन	the eleventh day of the lunar fortnight, a day of fast
একাদিক্রমে	ক্রি.বিণ.	एकादिक्रम	একের বেশী	एक से लेकर, निरंतर, क्रमानसार	from the beginning, consecutively, continuously
একাধিপত্য	বি.	एकाधिपत्य	অপ্রতিহত কর্তৃত্ব, কেবল একের প্রভুত্ব, সর্বেসর্বা হইয়া কার্যধারণ	सर्वाधिकार, एकाधिकार	supremacy, sovereignity, monopoly
একান্ত	ক্রি.বিণ.	एकांत	নিতান্ত, অত্যন্ত	नितांत, अत्यंत	very much thoroughly
	বিণ.		নির্জন, বিরল	निर्जन, विरल	desolute, lonely, solitary
একান্নবর্তী	বিণ.	एकान्नवर्ती	এক যৌথ পরিবারভুক্ত সংসারভুক্ত	एक सम्मिलित परिवार के, एक गृहस्थी के (सदस्य)	belonging to a joint family
একীকরণ	বি.	एकीकरण	১. সমান করণ ২. একত্র মিলিতকরণ, সংমিশ্রণ ৩. স্তূপীকরণ	एक समान करना एक साथ मिलाने की क्रिया, सम्मिश्रण ढेर या जमा करने की क्रिया	equalisation unification, amalgamation amassing, piling
একুনে	ক্রি.বিণ.	एकुने	সর্বশুদ্ধ, সাকুল্যে, মোট	सब मिलाकर, कुल	in all, in aggregate
একে এঁকে (সম্মানার্থে)	সর্ব.	एवे एंवे (सम्मानार्थे)	নির্দিষ্ট ব্যক্তিকে, অথবা কোনো ব্যক্তিকে, ইহাকে, ইঁহাকে	निर्दिष्ट व्यक्ति को, व्यक्ति विशेष को (सम्मानार्थ) इनको	(to) him, (to) a certain person (to him/her) (used respectfully)

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
একেশ্বর	বিণ.	एकेश्वर	১. একমাত্র ঈশ্বর ২. একমাত্র প্রভু, একাধিপতি ৩. একাকী ৪. একমাত্র	एक मात्र ईश्वर एक मात्र प्रभु अकेला केवल	only one God only one Lord, supreme master alone only
একেশ্বরবাদ	বি.	एकेश्वरवाद	ঈশ্বরকে অদ্বিতীয় মানা	एकेश्वरवाद	monotheism
একো	বিণ. বি.	एको	ইক্ষুজাত এখো	ईख के रस से बना हुआ, रसयुक्त गन्ना	made of sugar-cane, sugarcane
এক্কা	বি.	एक्का	দুই চাকাযুক্ত ঘোড়ার গাড়ী বিশেষ	इक्का, दो पहियों की विशेष घोड़ा गाड़ी	a two wheeled horse drawn carriage
এক্কেবারে	ক্রি.বিণ.	एक्केवारे	সর্বতোভাবে	निपट, पूरी तरह से, एकदम	altogether, thoroughly
এক্ষণ	ক্রি.বিণ.	एक्षण, एक्षुणि	এই মুহূর্তে, এখন, এই সময়, বর্তমান কাল	अभी, इसी क्षण, इसी समय, वर्तमान समय में	this very moment, now, at this time, at the present time
এখ্তিয়ার	বি.	एख्तियार	অধিকার, ক্ষমতা, শক্তি	अरिक्तयार, अधिकार, क्षमता, शक्ति	jurisdiction, authority, control
এখন	ক্রি.বিণ.	एखन	১. বর্তমান কাল, এই সময় ২. এ অবস্থায় ৩. এতক্ষণে ৪. এবার	वर्तमानकाल, मे इस समय इस अवस्था में अब तक इस बार	at present at this moment, under these circumstances up till now at this occasion
এক্ষণি/এক্ষুণি			দ্রঃ এক্ষণ		
এখান	বি.	एखान	এই স্থান, এই স্থল, এই ক্ষেত্র	यह स्थान, यह स्थल, यह क्षेत्र	this place, this spot, this field
এগ্জামিন (ইং)	বি.	एग्जामिन (अं.)	পরীক্ষা	परीक्षा	an examination
এগনো/ এগোনো/ এগুনো	ক্রি.	एगनो/ एगोनो/ एगुनो	অগ্রে গমন করা, অগ্রসর হওয়া, আগানো	आगे जाना, अग्रसर होना, आगे बढ़ना	to go forward, to proceed, to advance

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
এগার	বিণ.	एगार	একাদশ, ১১ অঙ্ক বা পরিমাণ	ग्यारह, ११ की संरव्या अथवा परिमाण	eleven
এঁচর	বি.	एंचर	দ্রঃ ইঁচড়		
এজমালি	বিণ.	एजमालि	একাধিক জনের ভোগ্য, একাধিক জনের অধিকার-ভুক্ত	एकाधिक मनुष्यों द्वारा भोग्य, एकाधिक जनों द्वारा अधिकारभुक्त	enjoyed by more than one, owned by more than one
এজলাস	বি.	एजलास	বিচারালয়, কাছারি	अदालत, कचहरी, न्यायालय	court, cutcherry
এজাহার	বি.	एजाहार	১. বক্তব্য, মোকদ্দমার বিষয়ে বাদী বা প্রতিবাদীর উক্তি, ২. সাক্ষীর উক্তি	वक्तव्य, मुकदमे वे विषय में वादी अथवा प्रतिवादी का कथन गवाही	statement, deposition statement of witness
এজেন্ট (ইং)	বি.	एजेन्ट (अं.)	প্রতিনিধি, ক্ষমতাপ্রাপ্ত কর্মচারী	क्षमताप्राप्त कर्मचारी, प्रतिनिधि	representative, agent
এটর্নি (ইং)	বি.	एटर्नि (अं.)	১. আম-মোক্তার ২. আইন ব্যবসায়ী	आम मुख्तार कानूनी पेशेवाला	attorney a lawyer
এটা	সর্ব/বিণ.	एटा	এটি, এই বস্তু বিষয় বা ব্যক্তি, ইহা	यह, यह वस्तु, विषय अथवा व्यक्ति	this one, this thing or person
এটা সেটা	বি.	एटा सेटा	নানাবিধ	यह-वह, नाना प्रकार की चीजें	this and that, assortment of things
এঁটেল	বিণ.	एंटेल	আঠা যুক্ত, শক্ত, চটচটে	गोंदयुक्त, कड़ा, चिपचिपा	adhesive, hard, sticky
এঁটো	বিণ.	एंटो	উচ্ছিষ্ট, ভুক্তাবশিষ্ট, সকড়ি	जूठा, खाने के बाद बचा हुआ	leavings, left-over on the plate
এড়ানো	ক্রি.	एड़ानो	বর্জন করা, অতিক্রম করা	मना करना, पीछा छुड़ाना	to avoid, to get rid of, to pass over
এঁড়ে	বি.	एंड़े	১. পুরুষ জাতীয় বাছুর ২. ষাঁড়	बछड़ा सांड़	he-calf a bull

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
এণ্ডি	বি.	एंडि	অসমে জাত রেশমীবস্ত্র বিশেষ	आसाम म हाथ का बुना हुआ विशेष रेशमी वस्त्र	a variety of silk produced in Assam
এত/এতো	বিণ.	एत/एतो	১. এই পরিমাণ, এই সংখ্যক	इतना, इतनी संख्या में	so much
			২. সংখ্যাধিক্য সূচক পরিমাণাধিক্য সূচক	संख्या की अधिकता का सूचक, परिमाणाधिक्य का सूचक, सूचना	so many, expressing high quantity or number
এত্তেলা	বি.	एत्तला	১. বিজ্ঞাপন	विज्ञापन, संदेश, इत्तिला	advertisement, information
			২. সংবাদ, খবর	संवाद, खबर,	message, news
			৩. নোটিস (ইং)	नोटिस	notice
এদোঁ/ এধোঁ	বিণ.	एदों/ एधों	বৃক্ষলতাদিচ্ছন্ন অন্ধকারময় (পুকুর, কুয়া ইত্যাদি) অব্যবহার্য পচা জলপূর্ণ	अंध (कूप), वृक्षलता से ढंका हुआ, अंधकारपूर्ण (तालाब, कुआं इत्यादि) व्यवहार न करने योग्य दूषित जल से पूर्ण	blind (well), darkened by the shade of trees & covered with hyacinth (tank, well) filled with unusable stagnated water
এধার	ক্রি.বিণ.	एधार	এইদিক, এই পাশ	इधर, इस ओर, इस किनारे	on this side, on this bank
এন্তার	বিণ.	एंतार	দেদার, অজস্র	प्रचुर, अजस्र	innumerable, countless
	ক্রি.বিণ.		প্রচুরভাবে, প্রভূতরূপে	प्रचुर रूप से, बड़ी मात्रा में	lavishly, abundantly profusely
এবং	যো.	एवं	আর, ও	और	and
এবড়ো খেবড়ো	বিণ.	एबड़ो खेबड़ो	অসমতল উঁচু নীচু, বন্ধুর	असमतल, ऊंचा-नीचा, ऊबड़-खाबड़	uneven, unadulating, of irregular form

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
এবার	ক্রি.বিণ.	**एबार**	১. এইবার ২. এ দফায়, এ যাত্রায় ৩. এ বৎসর ৪. এ সময়	इस बार, इस दफा इस अवसर पर इसी साल इसी समय, सामयिक रूप से	at this time, on this occasion this year currently
এমন	ক্রি.বিণ.	**एमन**	এই প্রকার, এরূপ, এহেন	इस प्रकार, इस ढंग से, ऐसा	in this way, in this manner, like this
এমুখো	ক্রি.বিণ.	**एमुखो**	এদিকে, এই অংশে	इस ओर मुड़ा हुआ, इसी दिशा में	turned this side, facing this side, confronting
এয়ো	বিণ.	**एयो**	সধবা	सधवा	one whose husband is alive
	বি.		এয়ো স্ত্রী	सधवा स्त्री	a woman (whose husband is alive)
এরণ্ড	বি.	**एरंड**	ভেরেণ্ডা, রেড়ি	अरंडी का पौधा, रेंड़ी	castor oil plant
এলাকা	বি.	**एलाका**	১. অধিকার, দখল	अधिकार क्षेत्र, इलाका	jurisdiction, area under control,
			২. সীমা	सीमा	boundary
এলাচ/ এলাচি	বি.	**एलाच/ एलाचि**	মসলা বিশেষ	इलायची	cardamom
এলাচ দানা	বি.	**एलाचदाना**	১. এলাচের বীজ	इलायची का बीज	seed of cardamom
			২. ভিতরে বড় এলাচের দানা যুক্ত চিনির গুলি	चीनी की ऐसी गोली जिसके अंदर इलायची का दाना भरा हो	sugar globule with a seed of cardamom inside
এলানো, এলো	ক্রি.	**एलानो, एलो**	আলুলায়িত করা, আলগা করা, শিথিল করা	अलग करना, ढीला करना	to dishevel, to loose, to slacken
	বিণ.		আলুলায়িত, খোলা, শিথিল	असंयत, खुला, अस्तव्यस्त	dishevelled, loosened
এলাহী	বি.	**एलाही**	ইলাহী	ईश्वर, इलाही	Ilahee

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
এলোপাথাড়ি	বিণ.	**এলোপাথাড়ি**	যেখানে সেখানে, বিশৃঙ্খলভাবে, এলোমেলো	जहां तहां, नियमहीन, बेढंगा	at random, in a disorderly fashion,pell-mell
এলোমেলো	বিণ.	**এলোমেলো**	বিশৃঙ্খল, পরিপাটিহীন গোলমেলে অসম্বদ্ধ চারিদিকে ছড়ানো	विशृंखल या नियमहीन, अव्यवस्थित गड़बड़ असंबद्ध चारो ओर बिखरा हुआ	disorderly, not properly placed confusing incoherent lying pell-mell, disorganised, scattered
এষণা	বি.	**এষণা**	অন্বেষণ, ইচ্ছা	अन्वेषण, इच्छा या अभिलाषा	search, desire
এসপার-ওসপার	বি.	**এসপার-ওসপার**	ভাল কি মন্দ কোনো একটা সিদ্ধান্ত	अच्छा या बुरा कोई एक सिद्धांत	decision leading to either good or evil, either this or that, final settlement
এসরাজ	বি.	**এসরাজ**	তারযুক্ত বাদ্যযন্ত্র বিশেষ	तारवाला विशेष वाद्य-यंत्र जिसे कमानी से बजाया जाता हे	a stringed instrument played with a bow
ঐকতান	বি.	**ঐকতান**	১. ভিন্ন ভিন্ন জাতীয় যন্ত্রের সমন্বয় বাদ্য ২. বাদ্যধ্বনি	भिन्न भिन्न प्रकार के यंत्रों का एकतान संगीत वाद्य ध्वनि	an orchestra instrumental music
ঐকান্তিক	বিণ.	**ঐকांतिक**	১. একনিষ্ঠ ২. আত্যন্তিক, প্রগাঢ়	एकाग्रचित्त होकर अथवा एकाग्रचित्त काम करने वाला निकट का, घनिष्ठ	earnest intense profound
ঐক্য	বি.	**ঐक्य**	একতা, মিল, অভিন্নতা, একরূপতা	एकता, मेल, अभिन्नता, एकरूपता	unity, concord, identity, similarity
ঐতিহাসিক	বিণ.	**ঐतिहासिक**	১. ইতিহাস সম্বন্ধীয় ২. ইতিহাস বেত্তা	ऐतिहासिक इतिहासवेत्ता	historical, historian

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
ঐতিহ্য	বি.	ऐतिह्य	ইতিহাস পরম্পরাগত কথা, যাহা বহুকাল হইতে পরম্পরাক্রমে চলিয়া আসিতেছে	परंपरा से चला आ रहा इतिहास, जो बहुकाल से परंपरा द्वारा चला आ रहा हो	history coming down for generations, tradition
ঐন্দ্রজালিক	বি.	ऐद्रंजालिक	যাদুগর, ভোজবিদ্যা বিশারদ ব্যক্তি	जादूगर, इंद्रजाल जाननेवाला व्यक्ति	magician, conjuror
	বিণ.		১. ইন্দ্রজাল সম্বন্ধী ২. যাদুবিদ্যা পারদর্শী	इंद्रजाल संबंधी जादू की विद्या को जानने वाला	magical skilled in magic
ঐরাবত	বি.	ऐरावत	ইন্দ্রের হস্তী	ऐरावत, इंद्र का हाथी	elephant of Indra (the king of heaven)
ঐশ	বিণ.	ऐश	ঐশিক, ঐশ্বরিক, দৈব	ईश्वरीय, दैवी	relating to god, godly, divine
ঐশ্বরিক	বিণ.	ऐश्वरिक	ঈশ্বর সমন্ধীয়	ईश्वरीय	divinly
ঐশ্বর্য	বি.	ऐश्वर्य	১. প্রভুত্ব ২. ধনসম্পত্তি, বিভব ৩. অসমাদি অষ্টসিদ্ধির অন্যতম	आधिपत्य वैभव, धन, संपत्ति अष्ट सिद्धियों में अन्यतम	supremacy wealth, riches one of the eight siddhis
ঐহিক	বিণ.	ऐहिक	ইহলোক সম্বন্ধীয়, পার্থিব	इहलौकिक, सांसारिक, पार्थिव	relating to this world, worldly
ও	সর্ব/ বিণ.	ओ	১. ব্যক্তি, জন্তু বা পদার্থ বাচক সর্বনাম	व्यक्ति, जीव या पदार्थ-वाचक सर्वनाम	used to point out person, animal or object
			২. সম্বোধন-সূচক	संबोधनसूचक शब्द	(that) an address word such as English hey !
	ক্রি.বিণ.		১. আর, অধিকন্তু ২. মোটেও ৩. ইহা সত্ত্বেও ৪. অমনি	और पर्यंत, बिलकुल इतना होने पर भी उस प्रकार	more over at all in spite of accordingly, like that

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
ওই	ক্রি.বিণ. সর্ব.	ओइ	সম্মুখবর্তী অদূরস্থ	वहाँ, इस ओर (संकेतवाचक)	yonder lying not far away
	বিণ.		১. সেই, পূর্বোক্ত ২. অবিকল, অভিন্ন	वह, वही पूर्वोक्त संपूर्ण, अभिन्न	that, mentioned earlier exactly, similar
ওঃ	বিস্ম.	ओः	খেদ, কষ্ট, বিস্ময় ইত্যাদি সূচক	द:ख, पीड़ा, विस्मय इत्यादि सूचकशब्द	exclamation expressing sorrow, pain, surprise etc.
ওঁ	বি.	ओं	১. ওম্, প্রণব, ব্রহ্মা ২. সকল মন্ত্রের আদ্য বীজ ৩. সকল বর্ণের মূল	ओंकार, प्रणव परंब्रह्म का वाचक शब्द, सब मंत्रों का आद्य बीज (प्रमाण मंत्र) सब वर्गों का मूल	om, the sacred syllable, the root of all mantras, the origin of all sounds
ওকালতনামা	বি.	ओकालत-नामा	উকিল নিয়োগের পত্র	वकालतनामा	power of attorney
ওকালতি	বি.	ओकालति	১. উকিলের কর্ম বা ব্যবসায়	वकील का काम, वकालत, पक्ष लेने की	profession of a lawyer espou-sing
			২. পক্ষাবলম্বন	स्थिति	the cause of a party
ওকুস্থল/ অকুস্থল	বি.	ओकुस्थल/ अकुस्थल	ঘটনাস্থল, দুর্ঘটনা-মারপিট ইত্যাদির স্থান	घटनास्थल, दुर्घटना, मारपीट इत्यादि का स्थान	the spot of an incident, the place where anything unpleasant i.e. accident,quarrel takes place
ওখড়ানো	ক্রি.	ओखड़ानो	দ্রঃ উখড়ানো		
ওখানে	ক্রি.বিণ.	ओखाने	ঐ স্থানে, ঐ জায়গায়	उस जगह, वहां	yonder, over there
ওগয়রহ (হি.)	বিণ.	ओगयरह (हि.)	গয়রহ্, ইত্যাদি, প্রভৃতি	वगैरह, इत्यादि, प्रभृति	etc., so forth & so on

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
ওগো	বিস্ম.	ओगो	১. প্রিয়জন অথবা সম বা নিম্নপদস্থ ব্যক্তিকে সম্বোধন ২. স্বামী-স্ত্রীর পরস্পর সম্বোধনবাচক শব্দ	প্रियजन के लिए संबोधन या निम्न पदस्थ व्यक्ति का संबोधन पति-पत्नी का एक दूसरे को संबोधित करने का शब्द	address term to call some one affectionately to call attention of some body the term by which wife and husband call each other
ওঁছা/ওছা	বিণ.	ओंछा/ओच्छा	১. অতি নিকৃষ্ট, খেলো ২. নীচ, অধম, অতিহীন ৩. জঘন্য, ঘৃণা	ओछा, तुच्छ, नीच, अधम, अतिहीन, जघन्य, घृणायोग्य	extremely worthless inferior, base, mean, sordid, despicable
ওজঃ	বি.	ओजः	তেজ, বল, দীপ্তি, প্রাণবল	तेज, बल, दीप्ति, प्राणशक्ति	vigour, strength, lustre vitality
ওজোগুণ	বি.	ओजोगुण	কাব্যরসের উৎকর্ষ সাধক গুণ বিশেষ, রচনার যে ধর্ম থাকিলে চিত্ত দীপ্ত হয়	काव्य में रस का उत्कर्षसाधक गुण ओज गुण, चित्त को दीप्त करनेवाला काव्य का गुण	one of the qualities of excellence in a good poetry, the quality that makes a literary composition invigorating
ওজন	বি.	ओजन	১. পরিমাপ, পরিমাণ, তৌল ২. ভার, গুরুত্ব ৩. পদ মর্যাদা	परिमाण, तौल भार, गुरुत्व पदमर्यादा	weight,measure, measurement heaviness, importance dignity attached to a post
ওজর	বি.	ओजर	১. আপত্তি ২. ছল ৩. মিথ্যা অজুহাত, বাহানা	प्रतिवाद, उज्र छल मिथ्या कारण, बहाना	objection excuse pretext, unfair, importunity
ওজস্বী	বিণ.	ओजस्वी	১. তেজস্বী ২. দীপ্তিমান ৩. বলবান, শক্তিশালী	प्रतापी ओजस्वी शक्तिशाली	spirited resplendent vigorous, strong

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
ওজুহাত	বি.	**अजुहात**	১. নানা কারণ, হেতুগুলি ২. ওজর, আপত্তি	নানা कारण, बहाना उज्र, आपत्ति	various reasons causes, excuses, pretexs, pleas
ওঝা	বি.	**अझा**	১. রোজা ২. সর্প-বিষ চিকিৎসক	ओझा सांप का विष निकालने वाला	exorcist one who treats cases of snake-bite
			৩. উপাধ্যায় উপাধি বিশেষ	उपाध्याय का विकृतरूप, ब्राह्मणों की एक उपाधि	a title of Brahmans
ওঠা	ক্রি.	**ओठा**	দ্রঃ উঠা		
ওঠানো	ক্রি.	**ओठानो**	দ্রঃ উঠানো		
ওড়ফুল	বি.	**ओड़फूल**	জবাফুল	जवाफूल, गुड़हल का फूल	red spectrs of the china-rose
ওড়না	বি.	**ओड़ना**	আবরণ, স্ত্রীলোকের চাদর	ओढ़ने की चादर, स्त्रियों का दुपट्टा	covering, modesty scarf
ওড়া	বি.		দ্রঃ উড়া		
ওড়ানো	ক্রি.		দ্রঃ উড়া		
ওড়িয়া	ক্রি.	**ओड़िया**	উড়িষ্যার লোক, উড়িষ্যার ভাষা	उड़ीसा का निवासी, उड़ीसा प्रदेश की भाषा	a native of Orissa, the language of Orissa
ওড়িশা/ ওড়িষ্যা	বি.	**ओड़िशा/ ओड़िष्या**	উৎকল প্রদেশ	उत्कल प्रदेश, उड़ीसा राज्य	the state of Orissa
ওত	বি.	**ओत**	অপেক্ষায় থাকা (আক্রমণের ইচ্ছায় বা অন্যের কথা জানিবার জন্য)	घात (आक्रमण के उद्देश्य से या किसी बातचीत सुनने के लिए)	lying in wait for an attack by surprise, object of eaves-dropping or attack
ওতপ্রোত	বিণ.	**ओतप्रोत**	পরিব্যাপ্ত, অনুস্যূত, সর্বত্র ব্যপ্তি	समाया हुआ, सर्वत्र व्याप्त	everywhere, all pervading

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
ওতরানো	ক্রি.	ओतरानो	দ্রঃ উৎরানো		
ওথলানো	ক্রি.	ओथलानो	দ্রঃ উৎলানো		
ওপরানো	ক্রি.	ओपरानो	দ্রঃ উপড়ানো		
ওবা	ক্রি.	ओबा	দ্রঃ উবা		
ওমরা/ ওমরাহ্	বি.	ओमरा/ ओमराह	মুসলমান রাজ্যে উচ্চ পদস্থ ব্যক্তি, ধনী এবং সম্ভ্রান্ত মুসলমান	मुस्लिम राज्य में उच्च पदस्थ व्यक्ति,धनी एवं संभ्रांत मुसलमान	a high placed person in a Muslim regime, a rich and aristocratic Muslim
ওয়াকিবহাল	বিণ.	ओयाकि बहाल	অভিজ্ঞ, হাল পর্যন্ত অবস্থা যে জানে	अभिज्ञ, परिस्थिति को भली प्रकार जाननेवाला, जानकार	experienced, conversant with affairs down to the moment
ওয়ার	বি.	ओयाड़	লেপ বালিস ইত্যাদির আবরণ বস্ত্র	तकिये इत्यादि का खोल अथवा गिलाफ	a pillow-case, a cover
ওয়ারিস	বি.	ओयारिस	উত্তরাধিকারী	उत्तराधिकारी, वारिस	a heir
-ওয়ালা	প্রত্যয়	ओयाला	ওলা, ব্যবসায়ী, কর্মচারী, যুক্ত, ইত্যাদি অর্থে ব্যবহৃত প্রত্যয়	एक प्रत्ययवाला जिससे व्यवसाय इंगित हो जैसे, फेरीवाला, (व्यवसायी, कर्मचारी आदि)	a suffix indicating profession, (trader,employee, vocation, distinction as a hawker etc.)
ওর	বি.	ओर	১. প্রান্ত ২. অন্ত ৩. সীমা ৪. দিক	छोर अंत सीमा दिशा	border end limit direction
ওরফে	বি.	ओरपे	বনাম, নামান্তরে, ডাকনাম	उर्फ, उपनाम, घर में पुकारने का नाम	alias, called differently, a pet name
ওল	বি.	ओल	কন্দ বিশেষ	जिमीकंद	an edible bulbous plant with turnip like root

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
ওলকপি	বি.	ओलकपि	শালগম তুল্য কন্দ বিশেষ	शलगम जाति का एक कंद	turnip like root
ওলট-পালট	বিণ.	ओलट-पालट	দ্রঃ উলট-পালট		
ওলটানো	ক্রি.	ओलटानो	১. পরিবর্তন করা ২. উবুড় হওয়া বা করা ৩. বদলানো ৪. তলা উপর করা	पलटना चित होना या लेटना बदलना तला ऊपर करना	to turn the page to turn supine to change to turn upside down
ওলন্দাজ	বি.	ओलंदाज	১. হল্যাণ্ড দেশের অধিবাসী ২. হল্যাণ্ড দেশীয়	हालैंड देश का निवासी हालैंड देश का	a Dutch person, inhabitant of Holland
ওলাউঠা	বি.	ओलाउठा	কলেরা, বিসূচিকা, ভেদবমি	हैजा, विसूचिका, कै-दस्त	cholera
ওষধি	বি.	ओषधि	ফল পাকান্ত উদ্ভিদ, যে গাছ একবার ফল দিয়া মরিয়া যায়	ऐसा पौधा जो एक बार फल देकर मर जाय	the plant that dies after yielding fruit
ওষুধ	বি.	ओषुध	১. ঔষধ, রোগ নাশক দ্রব্য, ভেষজ ২. তুকতাক, বশীকরণ ৩. প্রতিকার	औषधि, रोग को नष्ट करने वाला द्रव्य, दवाई वशीकरण प्रतिकार, इलाज	medicine, remedy, for disease, drug magical cure hypnotisation, remedy
ওষ্ঠ	বি.	ओष्ठ	ঠোঁট, উপরের ঠোঁট	ओठं, ऊपर का ओंठ	lip, the upper lip
ওষ্ঠাগত	বিণ.	ओष्ठागत	যাহা ওষ্ঠ পর্যন্ত পৌঁছিয়াছে, বাহির হইতে উদ্যত (প্রাণ)	जो ओंठ तक पहुँच गया हो, बाहर निकलने वे लिए तैयार (प्राण)	that which has come up to lips, about to die, extremely irritating
ওষ্ঠাধর	বি.	ओष्ठाधर	উপর ও নীচের ঠোঁট	ऊपर और नीचे के होठ	upper and lower lips
ওষ্ঠ্য	বিণ.	ओष्ठ्य	ওষ্ঠ দ্বারা উচ্চারিত	होठों द्वारा उच्चारित	labial

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
ওসকানো	ক্রি.	ओसकानो	দ্রঃ উসকানো		
ওস্তাগর	বি.	ओस्तागर	শ্রেষ্ঠ শিল্পী, প্রধান দরজী	श्रेष्ठ शिल्पी, प्रधान दर्जी	master craftsman, master tailor
ওস্তাদ	বি.	ओस्ताद	১. শিক্ষক, গুরু, সঙ্গীতাদি কলাগুরু	अध्यापक, गुरु, संगीत आदि कलाओं के गुरु,	teacher, trainer especially in arts like music and
	বিণ.		দক্ষ, নিপুণ, পারদর্শী	दक्ष, निपुण,	crafts, dexterous, expert, skilful
			২. বেশী চালাক	खूब चालाक	too clever (derogatory)
ওস্তাদী	বি.	ओस्तादी	১. ওস্তাদের কার্য, সঙ্গীতাদি কলানৈপুণ্য	उस्ताद का काम, संगीत आदि कलाओं में निपुणता	expertise, the demonstration of skill of music
			২. দক্ষতা	दक्षता	dexterity
			৩. চালবাজি	चालबाजी	giving oneself airs
ওহে	বিস্ম.	ओहे	সম্বোধন, হে	संबोधन, हे	an address term like 'hey'
ওহো	বিস্ম.	ओहो	অহো, স্মরণ, বিস্ময়, আনন্দ বা খেদ সূচক	आश्चर्य, विस्मय, आनंद व दु:ख का सूचक शब्द	oh, expression of remembrance, surprise, joy or grief
ঔচিত্য	বি.	औचित्य	উপযুক্ততা, যোগ্যতা, ন্যায্যতা	उपयुक्तता, योग्यता	appropriateness, worthiness, propriety
ঔজ্জ্বল্য	বি.	औज्ज्वल्य	উজ্জ্বলতা, দীপ্তি, প্রভা	उज्ज्वलता, दीप्ति, प्रभा	lustre, brilliance, effulgence
ঔৎসুক্য	বি.	औत्सुक्य	১. আগ্রহ, উৎসুকতা	आग्रह, उत्सुकता	eagerness, inquisitiveness
			২. উদ্বেগ, উৎকণ্ঠা	उद्वेग, उत्कंठा	anxiety, worry

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
ঔদার্য	বি.	**औदार्य**	১. উদারতা ২. বদান্যতা ৩. বিশালতা ৪. মহানুভবতা ৫. মুক্ত প্রাণতা	उदारता विशदता विशालता उदार चित्तता स्पष्टता	generosity magnanimity largeness nobility candour
ঔদাসীন্য	বি.	**औदासीन्य**	১. উদাসীনতা, অনাসক্তি বৈরাগ্য ২. উপেক্ষা ৩. অমনোযোগিতা	उदासीनता, अनासक्ति, वैराग्य अवहेलना मनोयोग का अभाव	indifference, disinterestedness apathy negligence, inattentiveness
ঔদ্ধত্য	বি.	**औद्धत्य**	১. অশিষ্টতা, অবিনয়, ধৃষ্টতা ২. উদ্ধত ভাব, উগ্রতা ৩. অহংকার, দম্ভ	अशिष्टता, अविनय, धृष्टता उद्धतता, उग्रता उद्धतपन अभिमान, दंभ	indecency, immodesty impertinence, defiance, violence, arrogance, haughtiness
ঔপনিবেশিক	বিণ.	**औपनिवेशिक**	১. উপনিবেশ সম্বন্ধীয়	औपनिवेशिक, उपनिवेश से संबंध रखने वाला	a colonial
			২. উপনিবেশকারী	उपनिवेश की स्थापना करने वाला	a colonialist
			৩. উপনিবেশজাত	उपनिवेश में उत्पन्न होने वाला	produced in a colony
ঔপন্যাসিক	বিণ.	**औपन्यासिक**	উপন্যাস সম্বন্ধীয় উপন্যাসে বর্ণিত	औपन्यासिक, उपन्यास संबंधी, उपन्यास में वर्णित,	relating to a novel,described in a novel
	বি.		উপন্যাস লেখক	उपन्यास लेखक	novelist
ঔরস	বিণ.	**औरस**	ধর্মপত্নীজাত স্বয়মুৎপাদিত (সন্তান)	औरस, विवाहिता स्त्री से उत्पन्न, अपनी निज की संतान	begotten by oneself and one's married wife, legitimate (child)
ঔর্ধ্বদেহিক	বিণ.	**और्ध्वदेहिक**	মৃত্যুর পর অনুষ্ঠিত, অন্ত্যেষ্টি সম্বন্ধীয়	मृत्यु के बाद अनूष्ठित, अंत्येष्टि संबंधी	rites held after death, obsequinal

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
ঔষধ	বি.	औषध	১. ওষুধ, ভেষজ, রোগ-নাশ ও নিবারণকারী দ্রব্য, আরোগ্য সম্পাদক দ্রব্য, ঔষধ সদৃশ হিতকর দ্রব্য	औषधि, रोग के निवारण करने के द्रव्य, औषधि के समान हित करने वाला द्रव्य	medicine, drug, curative and preventive medicine beneficial like medicine
			২. প্রতিকার	निवारण, प्रतिकार	remedy
ঔষধালয়		औषधालय	ঔষধ প্রাপ্তি স্থান	औषधालय	dispensary, pharmacy
ক	বিণ.	क	১. ব্যঞ্জনবর্ণের প্রথম অক্ষর	व्यंजन वर्ण का पहला अक्षर	the first letter of the consonant
			২. সংখ্যা বাচক, কতিপয় কয়েক, কয়	कितने संरव्यावाचक, कतिपय, कई	numerical, some, a few
			৩. পরিমাণবাচক, কত	परिमाणवाचक, कितना	quantitative, some
কই	বিণ. বিস্ম. ক্রি.	कइ	১. কোন স্থানে, কোথা, কোথায়	किस जगह पर, कहां	where, at which place
			২. বিস্ময় বোধক	विस्मयबोधक कहां, आश्चर्यबोधक शब्द	word expressing surprise
কই, কৈ	বি.	कइ, वै	মাছ বিশেষ	एक प्रकार की मछली	a walking fish
কইয়ে	বিণ.	कइये	বাক্‌পটু	वाक्‌पट	fluent, talented (speaker)
কওয়া	ক্রি.	कओया	বলা	कहना	to talk, to tell
কংগ্রেস	বি.	कांग्रेस	১. সার্বজনিক বিষয় সমূহের নির্ধারণার্থ ভিন্ন ভিন্ন দেশের প্রতিনিধি-গণের মহাসভা	सार्वजनिक समस्याओं पर विचार करने वाली विभिन्न देशों के प्रतिनिधियों की महासभा	congress
			২. ভারতীয় রাজনৈতিক জাতীয় মহাসভা (দল)	अखिल भारतीय राजनीतिक दल का नाम	Indian National Congress
কংস	বি.	कंस	কাঁসা	काँसा	bell-metal
কংসকার	বি.	कंसकार	কাঁসারী, কংসবণিক্‌	कसेरा, काँसे के बर्तनों का व्यवसायी	a worker in bell-metal

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
ককানো	ক্রি.	ककानो	১. শিশুর বদ্ধ স্বরে কাঁদা ২. আর্তস্বরে কাঁদা	शिशु का रुद्ध स्वर में रोना फफकना, आर्तस्वर में रोना	to sob to groan, to plead from a state of utter weakness, to implore, to entreat, to whine
	বি.		৩. কাতরতা প্রকাশ করা ঐরূপ ক্রন্দন, ঐরূপ কাতরতা	अतिशय अनुनय विनय, गिड़गिड़ाना	whinning, abject entreaty
কক্ষ	বি.	कक्ष	১. প্রকোষ্ঠ, ঘর ২. কোমর, কাঁকাল, কাঁক ৩. বগল ৪. গ্রহগণের পরিভ্রমণ পথ	कमरा, कक्ष कमर, कांख बगल ग्रहों का परिभ्रमण पथ, कक्षा	a room a chamber waist an arm-pit, the planetary path or orbit
কক্ষনো	ক্রি.বিণ.	कक्षनो	কখনই, কোনকালেই	कभी भी, किसी समय में	ever, at any time, for any reason
কখন	ক্রি.বিণ.	कखन	কোন ক্ষণে, কোন সময়ে	कब, किस समय	at what time, when
কঙ্কা	বি.	कंका	কাঁকন, খাড়ু, বলয়	कंगन, कड़ा, वलय	a bangle, a bracelet
কঙ্কর	বি.	कंकर	কাঁকর, শিলাচূর্ণ, ক্ষুদ্র প্রস্তর খণ্ড	कंकड़, पत्थर के छोटे टुकड़े	a grain of sand, a very small particle of stone, gravel
কঙ্কাল	বি.	कंकाल	অস্থি, পঞ্জর, হাড় (পাঁজরা)	अस्थिपंजर, हड्डियों का ढांचा	skeleton, bones
কচ্	বি. অনু.	कच्	১. নরম জিনিস কাটিবার শব্দ ২. নরম দ্রব্য চিবাইবার শব্দ	नरम वस्तु को काटने का शब्द नरम वस्तु को चबाने का शब्द	the sound of cutting a soft thing the sound of chewing or munching

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
কচ্‌লাকচ্‌লি	বি.	**कचला-कचलि**	১. ঝামেলা ২. অনর্থক সমস্যা	धोने, रगड़ने और निचोड़ने की क्रिया बेकार की समस्या	act of washing, act of rubbing or squeezing, useless complexity or intricacy
কচলানো	ক্রি.	**कचलानो**	১. ধোয়া ২. রগড়ানো ৩. চট্‌কানো	धोना रगड़ना निचोड़ना	to wash to rub to squeeze
কচি	বিণ.	**कचि**	১. কাঁচা, অপক্ক ২. কোমল, নরম ৩. সদ্যোজাত ৪. নূতন	कच्चा, जो पका हुआ न हो, अपरिपक्व, कोमल नया	green, unripe soft, tender just born new
কচু	বি.	**कचु**	১. কন্দ বিশেষ ২. অসম্মতিজ্ঞাপক অব্যয়, ফাঁকি, শূন্যতা	अरबी या घुइयां नामक कंद असम्मतिसूचक शब्द अवज्ञा, कुछ नहीं का भावसूचक शब्द, शून्यता	an eatable root, a word showing outright disagreement, hoax, emptiness
কচুপোড়া	উ.	**कचुपोड़ा**	পোড়া কচু, মূর্খতা সূচক গালি বিশেষ	भुनी हुई अरबी, मूर्खतासूचक गाली विशेष	roasted 'kochu', an expression of frustration or irritation
কচুরি	বি.	**कचुरि**	ময়দার ভিতর ডাল ইত্যাদির পুর দেওয়া ভাজা খাবার	कचौड़ी, मैदे के भीतर दाल इत्यादि भरकर तला हुआ पकवान	a kind of pan-cake made of kneaded wheat-flour stuffed with boiled and spiced pulses (deep fried)
কচুরিপানা	বি.	**कचुरिपाना**	বেগুনী ফুল বিশিষ্ট জলজ উদ্ভিদ, পুষ্করিণী আদি জলাশয়ে জলরোধকারী অতি বৃদ্ধিশীল পানা	पानी में उत्पन्न होने वाला बैगनी रंग के फूलों वाला एक पौधा, तालाबों में होनेवाला बहुत शीघ्र बढ़ने वाला एक पौधा, जलकुंभी	water-hyacinth

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
কচ্ছ্	বি.	कच्छ	১. জলময় দেশ	जलमय देश	a marshy land
			২. তুঁত গাছ	तुन का वृक्ष	tun tree cedrela tuna
			৩. নৌকার অঙ্গ বিশেষ	नौका का भाग	a part of boat
			৪. কাছা	धोती की लांग	the end of a loin-cloth
			৫. জলের উপকণ্ঠস্থ ভূভাগ	कछार	coastal region
কচ্ছপ	বি.	कच्छप	কাছিম, কামট, কূর্ম	कच्छप, कछुआ, कूर्म	tortoise
কজ্জল	বি.	कज्जल	১. কাজল, অঞ্জন	काजल, अंजन	eye-salve
			২. ভুসা, মসী	सुरमा,	soot
কঞ্চি	বি.	कंचि	বাঁশের ডাল, বেণুশাখা	बांस की डाल	a branch of bamboo
কঞ্চুকী	বিণ.	कंचुकी	১. অন্তঃপুর রক্ষক, দ্বারপাল	अत:पुर का रक्षक, द्वारपाल	guard of a harem, guard
			২. খোজা	कंचुकी	an eunuch
কঞ্জুস	বিণ.	कंजुस	কৃপণ	कंजूस, कृपण	miserly
কট্	বি. অনু.	कट्	১. শক্ত জিনিস কাটার শব্দ	कठोर वस्तु काटने का शब्द	a sound produced by cutting a hard object
			২. দংশন সূচক	डंसने का सूचक	sound of biting, (snake)
			৩. কঠোরতা বা নীরসতা ব্যঞ্জক	कठोरता व नीरसता व्यंजक शब्द	sound of a hard object,
			৪. তীব্রতা ব্যঞ্জক	तीव्रता व्यंजक	a sound showing intensity
কটক	বি.	कटक	১. সৈন্য	फौज	an army
			২. সেনা নিবেশ	सेना का शिविर	armed forces
			৩. পর্বতের সানুদেশ	पर्वत का मध्य भाग	an army camp, ridge of a hill
কটকট	বি.	कटकट	১. তীব্র বেদনার অনুভূতি	तीव्र वेदना अथवा भावावेग	sensation of acute pain, throbbing sensation
			২. অসংকোচে মুখের কড়া কড়া কথা শোনান	तू-तू मैं-मैं, लड़ाई-झगड़ा	squabbling low level altercation

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
কটমট/ কটমটে	বিণ.	कटमट/ कटमटे	১. কঠোর ২. দুর্বোধ, দুরূহ	कठोर दुर्बोध, दुरूह	hard, difficult to understand, abstruse
			৩. কর্কশ	कर्कश	harsh
			৪. তীব্র	तीव्र, समझ में न आने वाली बात	deep, intense, unintelligible talk
কটা	বিণ.	कटा	১. পিঙ্গলবর্ণ ২. ফরসা রং, গৌর বর্ণ	पिंगल वर्ण ललाई युक्त सफेद गोरा वर्ण	tawny brownish (complexion)
কটাক্ষ	বি.	कटाक्ष	১. অপাঙ্গ দৃষ্টি, বক্র দৃষ্টি	टेढ़ीनजर, वक्रदृष्टि	a sidelong look, oblique look
			২. রুষ্ট দৃষ্টি, প্রতিকূল দৃষ্টি	रोषभरीदृष्टि, प्रतिकूल दृष्टि	an angry look, an adverse look
			৩. তীব্র সমালোচনা	तीव्र समालोचना	a scathing criticism
কটাল	বি.	कटाल	অমাবস্যা পূর্ণিমা তিথিতে সমুদ্রের স্ফীতি	अमावस्या या पूर्णिमा तिथि में समुद्र का ज्वार	spring tide, floodtide, on a moonless or full moon night
কটাহ	বি.	कटाह	১. কড়াই ২. তৈলাদি জ্বাল দিবার লৌহ বা তামার খুলি	कड़ाही तेल आदि में भूनने के लिए लोहे या तांबे का बर्तन	a couldron iron or copper pot for boiling oil
			৩. ভাজনা খোলা	तलने का बर्तन	frying pan
কটি/কটী	বি.	कटि/कटी	কোমর, কাঁকাল, মাজা	कमर, नितंब	waist, hip
কটিবন্ধ	বি.	कटिबंध	কোমরবন্ধ, পেটি, বেল্ট	कमरबंद, पेटी, बेल्ट	belt, girdle
কটিসূত্র	বি.	कटिसूत्र	ঘুন্‌সি	सूत की करधनी	coloured girdle worn round the waist

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
কটু	বিণ.	कटु	১. কঠোর, ঝাঁঝালো	कठोर, चरपरा	harsh, pungent
			২. বিস্বাদ	स्वादहीन	tasteless
			৩. তিক্ত	तिक्त/तीता	bitter
			৪. উগ্র, তীব্র	उग्र, तीव्र	hot
			৫. কর্কশ, অপ্রিয়	कर्कश, अप्रिय,	severe, fierce
	বি.		অম্ল মধুরাদি ছয়-রসের অন্যতম, ঝাল	छै प्रकार के रसों में से एक कड़वा	unpleasant, one of the six culinary tastes like sweet, hot, sour etc.
কটোরা	বি.	कटोरा	১. মাটির বাটি, খুরি	मिट्टी का बर्तन	goblet made of clay
			২. পিতল কাঁসা ইত্যাদির বাটি	पीतल, कांसे इत्यादि का बर्तन	goblet made of copper or bell metal
কঠিন	বিণ.	कठिन	১. শক্ত, দৃঢ়, কঠোর	कठोर, सख्त, दृढ़	hard, firm, strict
			২. নির্মম, নিষ্ঠুর	निर्मम, निष्ठुर	stern, cruel
			৩. দুরূহ, দুর্বোধ	दुरूह, दुर्बोध	difficult,abstruse
			৪. তীব্র	तीव्र	severe
			৫. দুঃখজনক, দুঃসহ	दुखदायी, दुस्सह	sad, unbearable
কঠোর	বিণ.	कठोर	১. শক্ত, কঠিন	सख्त, कठिन	hard, firm
			২. নির্মম, নিষ্ঠুর	निर्मम, निष्ठुर	stern, cruel
			৩. শুষ্ক, নীরস	शुष्क, नीरस	dry, drab
			৪. কর্কশ	कर्कश	harsh
কড়	বি.	कड़	১. অঙ্গুলির গাঁট	उंगली की गांठ	nuckle
			২. গালার আবরণ বিশিষ্ট লোহার বালা, লৌহ কড়া	लाख का कंगन लोहे का कंगन, लोहे का कड़ा	an iron bangle encrusted with lac iron bangle
কড়কড়ে	বিণ.	कड़कड़े	১. শুষ্ক ও পর্যুষিত ভক্ষ্য দ্রব্য	सूखा हुआ व जिसको खाने से कड़कड़ शब्द हो	dried, a stale hardened (chapati or other eatable)
			২. কঠিন	कड़ा	hard
কড়কচ	বি.	कड़कच	সামুদ্রিক লবণ	समुद्र से निकला नमक	salt made from sea water

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
কড়কানো	ক্রি.	कड़कानो	ধমকানো, তাড়না করা, ভৎর্সনা করা	धमकाना, डांटना, तिरस्कार करना	to rebuke, to upbraid, to take someone to task
কড়চা করচা	বি.	कड़चा, करचा	১. পদ্যে লিখিত ইতিবৃত্ত ২. জীবনের দৈনিক ঘটনার সংক্ষিপ্ত লিপি, ডায়েরী	पद्य में लिखित इतिहास जीवन की दैनिक धटनाओं का संक्षिप्त विवरण, डायरी	a chronicle written in verse, a brief account of daily events of life, a biography, diary
			৩. যে খাতায় খাজনার হিসাবপত্র থাকে	भूमि कर का रजिस्टर या खाता	Rigister of land revenue, Account book of revenue receipts
কড়তা/ করতা	বি.	कड़ता/ करता	বিক্রেয় দ্রব্যের আধারে ওজন	विक्रय द्रव्य के थैले या बोतल आदि का वजन	weight of the container in which the item is to be carried, (when buying something in a shop)
কড়মড়	বি. (অনু.)	कड़मड़	চিবানোর কড়মড় শব্দ	कठोर वस्तु के चबाने का कड़मड़ शब्द	sound produced by eating of a crisp dried eatable
কড়া	বি.	कड़ा	১. কটাহ, বাঁধিবার পাত্র	कढ़ाई, खाना पकाने का बर्तन	couldron
			২. কড়ি, কপর্দক	कौड़ी	old coin of a very small denomination
			৩. আংটা	पैरों में पहनने का लोहे का कड़ा बिछुआ	iron-ring
			৪. নিয়ত ঘর্ষণ হেতু শরীরের যে স্থানে চর্ম কঠিন ও পুরু হয়	गांठ, शरीर की त्वचा का रगड़ के कारण कड़ा भाग	corn on the skin
			৫. লোহার বালা	लोहे का कड़ा	iron-bangle

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
	বিণ.	**কড়া**	১. উগ্র ২. কঠোর, কর্কশ ৩. সর্তক ৪. সহজে যা বহির্গত হয় না ৫. চড়া, উচ্চ ৬. দৃঢ়, আঁট	উग्र कठोर, कर्कश सतर्क जिसका निकलना कठिन हो महंगा, ऊंचा मजबूत, कसा हुआ	strong, fierce severe, harsh vigilant which does not come out easily high, expensive stiff, tight
কড়াক্‌কড়	বিণ.	**কড়াক্কড়**	কঠিন, কঠোর	कठिन, कठोर	hard, stiff
কড়াক্রান্তি	বি.	**কড়াক্রাति**	অর্থের পরিমাণবোধক ক্ষুদ্রতম সংখ্যা বা সংকেত	पुराना सिक्का जिसका मूल्य नगण्य हो गया है	an obsolete Indian coin of the lowest denomination
কড়ার	বি. বিণ.	**কড়ার**	অঙ্গীকার, শর্ত পিঙ্গল, কটা	स्वीकार, शर्त, करार, पिंगल, गौरवर्ण	condition, stipulation, a promise, tawny, brownish
কড়ি	বি.	**কড়ি**	১. সমুদ্রজাত শঙ্খাদি জীব বিশেষের দেহ	समुद्र में उत्पन्न शंखादि जीव विशेष की देह	a snail like gasteropad resembling a miniature conch used as a coin of smallest denomination in old days
			২. কপর্দক	कौड़ी,	courie
			৩. ধন	धन	small coin, wealth
			৪. পাকা ঘরের ছাদ ধরিবার কাষ্ঠখণ্ড	पक्के घर की छत को धारण करने की लकड़ी	beam of wood
	বিণ.		১. কঠোর, তীব্র	कठोर, तीव्र	harsh, hard, rough, intense
			২. চড়া	संगीत में तीव्र स्वर (कोमल स्वर के विपरीत)	sharp (note) (in music as opposed to soft)
কড়ে	বিণ.	**কড়ে**	১. কনিষ্ঠ, ছোট ২. অল্প-বয়স্কা	कनिष्ठ, छोटा अल्पवयस्का	youngest, little small, young (girl)

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
কণা, কণ	বি.	कणा, कण	১. রেণু, গুড়ো ২. সূক্ষ্ম অংশ	कण, रेणु, चूर्ण सूक्ष्म अंश	a grain of powder or corn, fineparticle
কণিকা	বি.	कणिका	১. এক কণা ২. ক্ষুদ্রাংশ ৩. তণ্ডুলের কণা ৪. ক্ষুদ্র	एक कण किसी चीज का छोटा टुकड़ा धान का दाना टूटा चावल	just a grain a small portion of a thing a grain of rice an iota of broken rice
কন্টক	বি.	कंटक	১. কাঁটা ২. অন্তরায়, ব্যাঘাত ৩. ক্ষুদ্র শত্রু	कंटा बाधा, व्याघात क्षुद्र शत्रु	thorn obstacle a petty enemy
কন্টকিত	বিণ.	कंटकित	১. কন্টকযুক্ত ২. রোমাঞ্চিত	कंटीला, कंटकमय रोमांचित	thorny thrilled, horripilated
কণ্ঠ	বি. ক্রি.বিণ.	कंठ	১. স্বরস্থান, গলদেশে ২. গলা, গলপথ ৩. স্বর সমীপ, নিকট	कंठ, स्वरनाली, गला गला स्वर, समीप, निकट	the windpipe throat, gullet voice in the vicinity
কণ্ঠনালী	বি.	कंठनाली	গলনালী, গ্রাসনালী, শ্বাসনালী	कंठनाली, गले की नली, निगलने की नली, श्वासनली	gullet, wind-pipe
কণ্ঠশ্বাস	বি.	कंठश्वास	মৃত্যুকালীন শ্বাসের টান	मृत्यु के समय श्वास लेने की क्रिया	gasp, the last breath
কণ্ঠগত/ কণ্ঠাগত	বিণ.	कंठगत/ कंठागत	যাহা কণ্ঠে আসিয়াছে, কণ্ঠস্থ	जो कंठ में आ गया है, प्राण निकलने वाला	that which has come up to throat about to breath last (about to die)
কণ্ঠস্থ	বিণ.	कन्ठस्थ	মুখস্থ	कंठस्थ	lying in the throat, got by heart, well-memorised

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
কণ্ঠা	বি.	कंठा	গলার নীচে দুইপাশের কণ্ঠস্থিত উচ্চ অস্থিখণ্ড	गले के नीचे की दोनों ओर की हड्डी, कंठ स्थित ऊँचा अस्थिखंड, कांठा	the collar bone, the clavicle
কণ্ঠী, কণ্ঠি	বি.	कंठी, कंठि	১. কণ্ঠের একনর মালা ২. বৈষ্ণবের তুলসীর মালা	कंठी, गले की इकहरी माला, वैष्णवों की तुलसी की माला	one stringed necklace, a neklace worn by Vaishnavas, necklace of basil, twigs worn by the sacred Vaishnavas
কণ্ঠ্য	বিণ.	कंठ्य	১. কণ্ঠতক ২. কণ্ঠ হইতে উচ্চারিত বর্ণ	कंठ्य, कंठ संबंधी कंठ से उच्चरित होने वाला	originating from the throat, guttural
কণ্ডূয়ন	বি.	कंडूयन	১. কণ্ডূতি, চুলকানি ২. প্রবৃত্তির তাড়নায় অতিশয় অস্বস্তি	खुजली, खुजलाहट विषय वासना की तीव्र अभिलाषा	itch, scabbies, scratching extreme disquiet because of sexual urge
কত	বিণ.	कत	১. কিয়ৎ, কি পরিমাণ, কি সংখ্যক ২. প্রচুর, বহু, অনেক	कितना/किस परिमाण में, कितने बहुत अधिक, बहुत, अनेक	how much or how many, abundant plentiful
কতক	বিণ.	कतक	কিছু অংশ, খানিক, কয়েকটি, কতিপয় সংখ্যক	थोड़ा, कुछ, थोड़े, कई	some, some portion, a few, a number of
কত কি	ক্রি.বিণ.	कत कि	অনেক প্রকার, যাহা বর্ণনা করা শক্ত	बहुत प्रकार का जिसका वर्णन करना कठिन हो	various, a large number of things
কত না	ক্রি.বিণ.	कत ना	কতই, খুব	कितने ही, खूब	countlessly, immeasurably
কৎবেল/ কয়েৎবেল	বি.	कत्बेल/ कयेतबेल	বেলজাতীয় ফল	बेल की जाति का एक फल	a shelled fruit with sour pulp akin to the wood apple

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
কতল	বি.	कतल	মুণ্ডচ্ছেদ, কাটা, জবাই	कत्ल, वध, हत्या	beheading, murder, slaughter
কতিপয়	বিণ.	कतिपय	অনেক কিছু	कतिपय, कुछ, परिमित	several, a few, some
কথক	বিণ.	कथक	১. পুরাণ পাঠক ও ব্যাখ্যাতা	पुराण का पाठ करने वाला तथा व्याख्याता	narrator and explicator of scriptural texts,
			২. বক্তা	वक्ता	speaker
কথন	বি.	कथन	উক্তি, ভাষণ, বলা, কহন	उक्ति, भाषण, बोल, कथन	utterance, statement, message, words
কথিত	বিণ.	कथित	বলা	कहा हुआ	told, narrated, uttered, pronounced
কথনীয়	বিণ.	कथनीय	বক্তব্য, কহিবার যোগ্য	वक्तव्य, कथन के योग्य	utterable, fit to bestated
কথা	বি.	कथा	১. উক্তি, বচন, বিবৃতি	उक्ति, वचन, विवृति	saying,utterance statement,
			২. উপাখ্যান, গল্প, কাহিনী	उपाख्यान, छोटी कहानी कहानी	narrative, story, tale
			৩. অঙ্গীকার, প্রতিশ্রুতি	वचन	pledge, promise
			৪. কথকতা	पौराणिक कथाओं का वर्णन	narration of scriptural stories
			৫. আলাপ	वार्तालाप	conversation, discussion
কথা প্রসঙ্গ	বি.	कथा प्रसंग	১. কথাবার্তা ২. কথার অবতারণা বাক্যারম্ভ, কথানুষঙ্গ	बातचीत कथा की भूमिका प्रस्तुत करना	conversation introducing a subject, starting a conversation, context or association of conversation
কথাবার্তা	বি.	कथावार्ता	কথোপকথন, আলাপ	वार्तालाप, आपस में होनेवाली बातचीत	conversation, dialogue

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
কথাসাহিত্য	বি.	कथासाहित्य	গল্প, উপন্যাস	कहानी, उपन्यास	story, novel
কথোপকথন	বি.	कथोपकथन	১. কথাবার্তা	कथोपकथन, बातचीत	conversation
			২. সংলাপ, উক্তি প্রত্যুক্তি	आपस में होने वाली बातचीत	dialogue exchange of words
কথ্য	বিণ.	कथ्य	কথনীয়	कहने योग्य	utterable
কদম	বি.	कदम	১. কদম ফুল কদম গাছ	कदंब का फूल, कदंब का पेड़	a kind of flower, a tree
			২. পা, পদ	पैर, कदम	a foot, a step
			৩. ঘোড়ার গতিবিশেষ	घोड़े की चाल विशेष	the gait of a horse
কদমা	বি.	कदमा	চিনির ফাঁপা লাড়ু	चीनी का लड्डू	a typical Bengali sweet made with sugar
কদম্ব	বি.	कदंब	কদম	कदंब का पेड़ या फूल	a kind of tree associated with Lord Krishna
কদর	বি.	कदर	১. আদর, যত্ন	आदर-सत्कार	cordial reception,
			২. সম্মান, খাতির, মর্যাদা	सम्मान, मान, प्रतिष्ठा	respect, regard, honour
			৩. সমবেদনা	संवेदना	sympathy
কদর্য	বিণ.	कदर्य	১. অত্যন্ত কুৎসিৎ	अति बुरा	very ugly
			২. জঘন্য	घृणित	abominable,
			৩. নীচ	नीच	execrable base, sordid
কদলী	বি.	कदली	১. কলা, রম্ভা	केला, रंभा	banana, plantain
			২. কলা গাছ	केले का वृक्ष	banana-tree
কদাকার	বিণ.	कदाकार	কুৎসিত মূর্তি, বিশ্রী, কুরূপ	जो देखने मे भद्दा हो, कुरूप, बुरा	ugly to look at, ungainly, unshapely
কদাচ	ক্রি.বিণ.	कदाच	১. কোন সময়ে, কখনও	किसी समय, कभी भी,	ever, at certain time
			২. কখনও কখনও	कभी-कभी	sometimes,
			৩. প্রায়ই নয়	बहुत कम	not often, rarely

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
কদাচার	বি.	कदाचार	কুৎসিৎ আচার, অভদ্রের আচরণ, কুব্যবহার	खराब चाल-चलन, अशिष्ट आचरण, बुरा व्यवहार	abominable behaviour, misconduct, misbehaviour, indecency
কবোষ্ণ	বিণ.	कबोष्ण	অল্প গরম	थोड़ा गरम या गुनगुना	tepid, lukewarm
কনক	বি.	कनक	সুবর্ণ, সোনা	सोना, स्वर्ण	gold
কনকাঞ্জলি	বি.	कनकांजलि	১. বিবাহ অনুষ্ঠানে বর বা কন্যা কর্তৃক মাতাকে সুবর্ণাদি অর্ঘ্যদান	विवाह के अवसर पर वर या कन्या द्वारा माता-पिता को स्वर्ण आदि का दान	ceremonial gift of gold made to mother by the bride or the groom at the wedding ceremony
			২. বিসর্জনের পূর্বে প্রতিমাকে ঐরূপ অর্ঘ্যদান	अर्घ्य, विसर्जन से पहले प्रतिमा को इसी प्रकार अर्घ्यदान करने की क्रिया	similar gift to the image of the goddess Durga before immersion
কন্‌কন্‌	বি. অনু.	कनकन	১. ব্যথা ২. অত্যন্ত শীতের অনুভূতি	पीड़ा ठंड, कंपकंपी	ache twinging or painful sensation, shivering sensation of cold
কনষ্টেবল(ইং)	বি.	कनष्टेबल (अ.)	পুলিশের প্রহরী, পাহারাওয়ালা	कनस्टेबल, पुलिस का सिपाही, पहरेदार	constable
কনিষ্ঠ	বিণ.	कनिष्ठ	১. সকলের ছোট ২. অনুজ ৩. বয়সে ছোট ৪. লঘুতম	सबसे छोटा छोटा भाई आयु में छोटा लघुतम	youngest born after junior in age lowest
কনিষ্ঠা	বি.	कनिष्ठा	কড়ে আঙ্গুল	सबसे छोटी उंगली, कनिष्ठा	the little finger
কনুই	বি.	कनुई	কফোণি, বাহুর মধ্যগ্রন্থি	कोहनी, बाजू के बीच की गांठ	elbow

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
কনে	বি.	कने	১. বিবাহের পাত্রী	विवाह के संदर्भ में कन्या	daughter in the context of marriage
			২. নববধূ	नई बहू	the newly married (bride)
কন্দ	বি.	कंद	১. উদ্ভিদ মূল ২. আলু ইত্যাদি ফসল যাহা মাটির নীচে হয়	मूल, लतादि की जड़ आलू इत्यादि की फसल जो मिट्टी के नीचे पैदा होती है	bulbous plant vegetables like potato grown under the earth, eatable roots
জব্দ	বিণ.	जब्द	১. লাঞ্ছিত ২. নাকাল ৩. সম্পূর্ণ পরাভূত ৪. বাজেয়াপ্ত, অধিকৃত	लांछित परेशान, उत्पीड़ित पराजित कुर्क, ज़ब्त	persecuted harassed confiscated, occupied, forfeited utterly defe ated

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জমক	বি.	जमक	১. সমারোহ	समारोह	effulgence, festive show
			২. দীপ্তি, জেল্লা	दीप्ति, उज्ज्वलता	show of splendour
			৩. জাঁক	चमक-दमक, तड़क-भड़क	glow, glamour, pomp and show
জমজম	বি.	जमजम	ভিড় ও আড়ম্বরের ভাব প্রকাশক, গমগম	किसी समारोह में होनेवाली चहल-पहल व गहमा-गहमी	noise and hullabaloo at a crowded function
জম্‌জমাট	বিণ.	जमजमाट	ভিড়ে আড়ম্বরে ও আকর্ষণে যাহা পূর্ণ হইয়াছে, সরগরম	आडंबर और आकर्षण से पूर्ण	replete with a grand show and full glory
জমা	ক্রি.	जमा	১. সঞ্চিত হওয়া	जमा, संचित होना	to be accumulated
			২. সমবেত হওয়া	इकट्ठा होना	to assemble
			৩. তরল হইতে কঠিন হওয়া, জমাট বাঁধা	जमना, जमाना इकट्ठा होना	to congeal, to coagulate
			৪. স্তূপীকৃত হওয়া	ढेर होना	to pile
			৫. উপভোগ্য হওয়া	उपभोग्य होना	to be enjoyable
			৬. অসাড় বা ঠাণ্ডা হওয়া	ठंडा होना	to freeze
	বি.		১. পুঁজি	पूंजी	capital
			২. আয়	आय	income
			৩. খাজনা	कर	revenue
			৪. জমিবিলি	बँटाई की जमीन	rented land
জমাখরচ	বি.	जमाखरच	আয় ব্যয়ের হিসাব	जमाखर्च, आय-व्यय का हिसाब	statement of income and expenditure
জমাট	বিণ.	जमाट	১. কঠিনতা প্রাপ্ত	ठोस	solidified
			২. ঘনীভূত	घनीभूत	coagulated,thick
			৩. দৃঢ়সম্বন্ধ	दृढ़ता से बंधा हुआ	held together, fast
			৪. অবিচ্ছেদ্য	अविच्छेद्य, अभिन्न	inseparable
			৫. সরগরম	जोशीला या आवेगपूर्ण	humming with activity

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জমাদার	বি.	जमादार	১. হেড কনষ্টেবল ২. সৈনিক বিভাগ সুবাদারের নিম্নপদস্থ কর্মচারী	जमादार, हेड कांस्टेबल सेना में सबसे छोटा कमीशन प्राप्त अधिकारी	head constable an army officer holding the lowest commissioned rank
			৩. ধাঙ্গড় মেথরের সর্দার	मेहतरों का मुखिया	head sweeper
জমানত/ জামানত	বি.	जमानत/ जामानत	জামিনস্বরূপ প্রদত্ত টাকা	जमानत, प्रतिभूति	security deposit
জমানো	ক্রি.	जमानो	১. সঞ্চয় বা সংগ্রহ করা	जमाना	to save, to collect
			২. গাদা করা	संचय अथवा संग्रह करना,	to pile together
			৩. ঘনীভূত করা	घनीभूत करना	to congeal
			৪. সরগরম করা	गरमाना	to make enthusiastic, to heighten
			৫. অসাড় বা ঠাণ্ডা করা	जमाना या ठंडा करना	to make numb, to freeze
জবানি	বি.	जवानि	উক্তি	वक्तव्य	statement
	ক্রি.বিণ.		প্রমুখাৎ (সব কথা তাহার জবানিতে শুনিবে)	मौखिक रूप से, जबानी	orally, verbally
জমায়ত	বি.	जमायत	জনসমাবেশ	जमायत, जमावड़ा	assembly of people
জমি	বি.	जमि	১. ভূমি ২. কৃষিক্ষেত্র ৩. ভূসম্পত্তি	जमीन, भूमि खेत भू-संपत्ति	land agricultural land landed property
জমিজমা	বি.	जमिजमा	ভূ-সম্পত্তি	जमीन जायदाद, भूसंपत्ति	landed property
জমিজেরাত	বি.	जमिजेरात	চাষবাসের জমি	कृषि भूमि	agricultural land
জমিদার	বি.	जमिदार	যে ভূম্যধিকারী সরাসরি সরকারকে রাজস্ব আদায় দিতেন বা দিয়া থাকেন	जमीदार	landlord, zamindar

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জমিদারি	বি./বিণ.	जमिदारी	জমিদার সংক্রান্ত	जमीदारी	pertaining to a za mindar, the status of a zamindar, the property of a zamindar
জয়	বি.	जय	১. বিপক্ষের পরাভব	जय, विपक्ष की हार	defeating of an opponent
			২. যুদ্ধাদি দ্বারা অধিকার বা লাভ	युद्ध में विजय	conquest, triumph,victory
			৩. কার্যসিদ্ধি, সাফল্য	कार्यसिद्धि, सफलता	accomplishment, success
জয়ঢাক	বি.	जयढाक	১. বড় ঢাক বিশেষ ২. জয়সূচক ঢাক	रणभेरी विजय सूचक ढोल की ध्वनि	wardrum ovation, applause
জয়দেব	বি.	जयदेव	'গীতগোবিন্দ' কাব্যগ্রন্থের রচয়িতার নাম	'गीतगोविंद' का रचयिता	composer of the Geeta-govinda
জয়ধ্বনি	বি.	जयध्वनि	১. জয়সূচক আনন্দধ্বনি ২. গৌরব কীর্ত্তন বা বিজয় ঘোষণা	जयध्वनि, जयसूचक आनंदध्वनि जय-जयकार, विजय-घोषणा	ovation, applause acclaimation, proclamation of victory
জয়পতাকা	বি.	जयपताका	বিজয়সূচক পতাকা, জয়সূচক ধ্বজ	विजय पताका, जयसूचक ध्वज	symbol of victory
জয়পত্র	বি.	जयपत्र	জয় বা সাফল্যের নিদর্শন পত্র	विजय अथवा सफलता का द्योतक पत्र	declaration of success or triumph
জয়মাল্য	বি.	जयमाल्य	বিজেতার লভ্য গৌরব সূচক মাল্য	जयमाला	wreath of victory
জয়শ্রী	বি.	जयश्री	১. বিজয়লক্ষ্মী	जयश्री, विजयलक्ष्मी,	the presiding goddess of victory
			২. সঙ্গীতের রাগিণী বিশেষ	संगीत की एक रागिनी	name of a melody (in Hindustani Music)

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জয়স্তম্ভ	বি.	**जयस्तंभ**	যুদ্ধজয়ের স্মারক স্তম্ভ	युद्ध में विजय पाने की स्मृति में बनाया गया स्तंभ, जयस्तंभ	pillar of victory
জয়ত্রী	বি.	**जयत्री**	জায়ফলের গাছের ফুল বা ছাল	जायफल का फूल या छाल, जावित्री	the aril of nutmeg, mace
জরজর	বিণ.	**जरजर**	১. জীর্ণ ২. অতিশয় ক্লিষ্ট ৩. বিকল	जर्जर, जीर्ण पीड़ादायी कार्य के अयोग्य	worn-out deeply stricken out of order, inoperative
জরৎ	বিণ.	**जरत**	জরাগ্রস্ত, বৃদ্ধ, অতি প্রাচীন ও নূতনত্ব বর্জিত	वृद्ध, अति प्राचीन, नवीनता से वंचित	decrepit, old and devoid of novelty
জর্দা	বি.	**जर्दा**	পানের সহিত খাইবার সুগন্ধ সুরতি বা তামাক চূর্ণ	जर्दा, सुर्ती, तंबाकू का चूरा	preparation of tobbaco taken with bettle leaves
	বিণ.		হলদে, পীত	पीला, जर्द	yellow
জরদ্‌গব	বি./বিণ.	**जरद्‌गव**	১. অকর্মণ্য, বৃদ্ধ, অথর্ব ২. জরাগ্রস্ত	आयु से शिथिल बूढ़ा, अकर्मण्य, जरद्‌गव	incapacitated decrepit, inactive, decrepit bull
জরা	বি.	**जरा**	বার্ধক্য, স্থবিরতা	जरा, बुढ़ापा,	old age, decreptitude
	ক্রি.		জীর্ণ	जीर्ण होना	to be pickled, to be smeared with (specially for preservation)
জরায়ু	বি.	**जरायु**	গর্ভাশয়, গর্ভস্থ শিশুর বাহিরে লেপটানো ঝিল্লী	गर्भाशय, गर्भस्थ शिशु के बाहर लिपटी झिल्ली	womb, the membrane enveloping a foetus, placenta
জরি	বি.	**जरि**	সূক্ষ্ম সোনালী বা রূপালী তার বা পাত বা তাহাতে জড়ানো সুতা	जरी, सोना या चांदी का पतला तार जिससे कपड़ों पर बेल-बूटे बनाए जाते हैं	thread of gold or silver, brocade

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জরিদার	বিণ.	**जरिदार**	জরিযুক্ত	ज़रीदार (कपड़ा)	woven with thread of gold or silver
জরিপ	বি.	**जरिप**	জমির পরিমাপ	ज़रीब, खेत की माप	a measure of land
জরিমানা	বি.	**जरिमाना**	অর্থদণ্ড	जुर्माना, अर्थदंड	fine
জরু	বি.	**जरू**	পত্নী, স্ত্রী	जोरू, पत्नी, स्त्री	wife
জরুর	ক্রি.বিণ.	**जरूर**	অবশ্য, নিশ্চয়, অপরিহার্য	जरूर, अवश्य, निश्चय-पूर्वक, अपरिहार्य	surely, certainly, indispensably
জরুরী	বিণ.	**जरूरी**	১. দরকারী ২. আশু প্রয়োজনীয়	जरूरी, आवश्यक अत्यावश्यक	necessary urgent
জর্জর	বিণ.	**जर्जर**	১. জীর্ণ, জর্জরিত ২. ক্লিষ্ট	जर्जर, जीर्ण, जर्जरित कष्टमय	decrepit, badly stricken painful
জল	বি. বিণ.	जल	১. নীর, সলিল, বারি ২. বৃষ্টি ১. শীতল ২. শান্ত ৩. তরল	जल, पानी, नीर, वारि वृष्टि शीतल शांत तरल	water rain cool gentle liquid
জলকর	বি.	**जलकर**	জলাশয় নদী ইত্যাদির খাজনা	जलाशय, नदी इत्यादि पर लगने वाला कर	water tax
জলকেলি	বি.	**जलकेलि**	জলক্রীড়া, জলে নামিয়া খেলা	जलकेलि, जलक्रीड़ा	water sports
জলখাবার	বি.	**जलखाबार**	হাল্‌কা খাদ্য	जलपान, नाश्ता, हल्का भोजन, कलेवा	light refreshment
জলগণ্ডুষ	বি.	**जलगंडुष**	একমুখ বা এককোষ জল, মন্ত্র উচ্চারণ পূর্বক হাতের কোষ ভরিয়া জলপান	एक घूंट या चुल्लूभर जल, मंत्रोच्चारण करते हुए आचमन करने का जल	mouthful or palmful of water, palmshaped like a cup, drinking palmful of water while reciting mantras

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জলচল	বি.	जलचल	যাহার হাতের জল ব্রাহ্মণাদি সমাজে ব্যবহার্য	जिसके हाथ का छुआ जल ब्राह्मण समाज में चलता हो	one whose touch does not make water unusable for Brahmins or high caste Hindus
জলচৌকি	বি.	जलचौकि	স্নানাদির জন্য ছোট নীচু চৌকি	स्नानादि के लिए छोटी नीची चौकी या पीढ़ी	low small stool used for sitting in bathroom for taking a bath (old fashioned bath)
জলছড়া	বি.	जलछड़ा	ইতস্ততঃ ছিটান তরল পদার্থ	इधर-उधर फैला हुआ तरल पदार्थ	spread or expansion of a liquid
জলছত্র	বি.	जलछत्र	জলসত্র, পথিকাদির পিপাসা নিবারণার্থ প্রতিষ্ঠিত পানীয় জল রক্ষার স্থান	प्याऊ	charitable distribution of water, a place where water is kept on the way-side for thirsty passers-by
জলছবি	বি.	जलछबि	যে ছবি জলে ভিজাইয়া অন্য কাগজে বসানো যায়	चित्रों को पानी में भिंगोकर दूसरे कागज पर चिपकाने की पद्धति	transfer-picture, a device of transferring picture
জলজ	বিণ.	जलज	জলে উৎপন্ন, জলজাত	जलज, जलजात	acquatic, born of water
জলজন্তু	বি.	जलजंतु	জলচর জন্তু	जलजंतु, जलचर जंतु	acquatic animal
জলজিয়ন্ত	বিণ. ক্রি.বিণ.	जलजियंत	১. পূর্ণমাত্রায় সজীব ২. সম্পূর্ণ স্পষ্ট ৩. ডাহা	पूर्ण रूप से सजीव पूर्ण तथा स्पष्ट संपूर्ण या पूर्ण रूप से	perfectly alive entirely distinct down-right
জলটুঙ্গি	বি.	जलटुंगि	জলের মধ্যে ঘর	जल के बीच में बना घर	hut in the midst of water

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জলতরঙ্গ	বি.	जलतरंग	১. বাদ্য বিশেষ	जलतरंग, एक वाद्य यंत्र,	a musical instrument (consisting of seven china bowls filled with water or played by striking them with a wooden stick)
			২. জলের তরঙ্গ	जल की तरंग	wave
জলদ	বি./বিণ.	जलद	মেঘ, জলদাতা	जलद, मेघ, जलदाता	cloud, giver of water
জলগম্ভীর	বিণ.	जलगंभीर	মেঘগর্জন, জলদ গম্ভীর সুর	मेघगर्जन, बादलों के गरजने की गंभीर आवाज	deep thunder of clouds
জলদস্যু	বি.	जलदस्यु	নদী বা সমুদ্রে বিচরণ-কারী ডাকাত	नदी अथवा समुद्र में जलपोतों को लूटने वाला, जलदस्यु, समुद्री डाकू	pirate,buccaneer
জল্‌দি	ক্রি.বিণ.	जल्‌दि	শীঘ্র, দ্রুত, সত্বর	जल्दी, शीघ्र, तुरंत	soon, quickly, before long
জলধি	বি.	जलधि	সমুদ্র	जलधि, समुद्र	sea
জলনালী	বি.	जलनाली	জল নিকাশের নর্দমা	पानी निकलने की नाली	drain
জলনিকাশ	বি.	जलनिकाश	নালী, নালা, নর্দমা ইত্যাদির দ্বারা অতিরিক্ত জলের বহিষ্কার	जलनिकास, नाली-नाले आदि के द्‌वारा अतिरिक्त जल को बाहर निकालने की व्यवस्था	draining out of excess water
জলপটি	বি.	जलपटि	আহত দেহাংশদিতে বাঁধার জন্য জলসিক্ত বস্ত্র খণ্ড বা ন্যাকড়া	घाव पर रखी जाने वाली भीगी पट्‌टी	strip of cloth soaked in water and applied on a wound (a method of healing)

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জলপড়া	বি.	जलपड़ा	মন্ত্রশক্তিযুক্ত জল যাহা দ্বারা রোগ, ভূত প্রভৃতি অমঙ্গল দূর করা হয়	मंत्रसिक्त अभिषेक किया गया जल, जिसके छिड़कने से भूत भागता है	water with magical property which has curative value
জলপথ	বি.	जलपथ	নৌকাদি বেগে চলিবার পথ, জল নিষ্কাষণের পথ	जलपथ, जलमार्ग	waterway
জলপাই	বি.	जलपाइ	অম্লফল বিশেষ	एक प्रकार का खट्टा फल, जैतून	olive
জলপান	বি.	जलपान	জলখাবার, টিফিন	जलपान, कलेवा, नाश्ता	light refreshment, tiffin
জলধারা	বি.	जलधारा	জলের প্রবাহ	जलधारा, जल का प्रवाह	stream, flow of water
জলদেবতা	বি.	जलदेवता	জলের অধিদেবতা, বরুণ	जल का देवता, वरुण	Sea god, Varun
জলপানি	বি.	जलपानि	১. ছাত্রবৃত্তি ২. জলখাবার পয়সা	छात्रवृत्ति जलपान करने का खर्च, जेब खर्च	scholarship pocket money
জলপ্রপাত	বি.	जलप्रपात	উচ্চস্থান হইতে নিরন্তর নিপতিত জলরাশি	जलप्रपात, प्रपात	waterfall
জলপ্লাবন	বি.	जलप्लावन	প্রবল বন্যা	जलप्लावन, बाढ़	flood, deluge
জলবায়ু	বি.	जलवायु	কোনও স্থানের শীত, গ্রীষ্ম বৃষ্টিপাত ইত্যাদির লক্ষণ, আবহাওয়া	जलवायु, आबहवा	climate
জলবিছুটি	বি.	जलबिछुटि	জলসিক্ত বিছুটি নামক গাছ ইহা শরীরে লাগিলে অত্যন্ত চুলকায় ও জ্বালা করে	विछूटी नामक पौधा, बिच्छूघास जिसके छूने से शरीर में खुजली और जलन होती है	a plant which causes terrible irritation when touched to the body of a person
জলবিম্ব	বি.	जलबिंब	জলের বুদ্‌বুদ্‌	पानी का बुलबुला	a bubble
জলমগ্ন	বিণ.	जलमग्न	যে বা যাহা জলে ডুবিয়াছে	जलमग्न	drowned

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জলযান	বি.	जलयान	জলপথে যাইবার যান, নৌকা ইত্যাদি	जलयान, नौकादि	vessel, boat etc.
জলযোগ	বি.	जलयोग	জলখাবার	नाश्ता, जलपान	light refreshment
জলশৌচ	বি.	जलशौच	মলমূত্রাদি ত্যাগের পর জল দ্বারা অঙ্গ প্রক্ষালন	शौचक्रिया	washing of body and private parts with water after easing oneself
জলসত্র	বি.	जलसत्र	দ্রঃ জলছত্র		
জলসা	বি.	जलसा	সঙ্গীতাদির অনুষ্ঠান	संगीत समारोह	a music conference
জলসেক	বি.	जलसेक	জলসেচন, গরম জলে বস্ত্রাদি ভিজাইয়া সেঁক	गर्म पानी में वस्त्र भिगोकर सेक	fomenting with the help of a piece of cloth soaked in hot water
জলস্তম্ভ	বি.	जलस्तंभ	সমুদ্র, নদী ইত্যাদি হইতে উত্থিত স্তম্ভাকার ঘূর্ণ্যমান মেঘস্পর্শী জলরাশি	जलस्तंभ, एक प्राकृतिक घटना जिसमें समुद्र के जल में आवर्त उत्पन्न होकर एक स्तंभ का रूप धारण करता है	tornado
জলহস্তী	বি.	जलहस्ती	হস্তীতুল্য তদপেক্ষা ক্ষুদ্রাকার জলজন্তু বিশেষ	जलहस्ती, सील जाति का एक स्तनपायी, दरयाई घोड़ा	hippopotamus
জলহাওয়া	বি.	जलहाउया	আবহাওয়া	आबहवा	climate
জলা	বি.	जला	জলময় নিম্নভূমি	जलमय निम्न भूमि	marshy land
জলাচরণীয়	বিণ.	जलाचरणीय	যে জাতির ছোঁয়া ব্রাহ্মণাদি উচ্চ বর্ণের লোকের পক্ষে ব্যবহার্য, সেই জাতিভুক্ত জলশুদ্ধ	वह जाति जिसका छुआ हुआ जल ब्राह्मण व उच्च वर्ग के लोग प्रयोग करते हैं	belonging to a caste whose touch does not make water unusable for Brahmins and other high caste Hindus

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জলাঞ্জলি	বি.	जलांजलि	১. শবদাহের পর প্রেতাত্মার উদ্দেশ্যে প্রদত্ত অঞ্জলিবদ্ধ জল	जलांजलि, शव दाह के बाद मृत आत्मा को दी जाने वाली जलांजलि	offering water in cupped hands to the spirit after cremation of the body
			২. বিসর্জন, সম্পূর্ণ পরিত্যাগ	विसर्जन, संपूर्ण परित्याग,	giving up, abandonment
			৩. অপব্যয়	अपव्यय	waste
			৪. পিতৃগণের তর্পণ ক্রিয়া	पितरों की तर्पण क्रिया	the offering of libations of water to the spirits of dead ancestors (a religious observance)
জলাতঙ্ক	বি.	जलातंक	পাগলা কুকুর, শেয়াল ইত্যাদি কামড়াইলে যে রোগ হয় (এই রোগে জলে ভীষণ আতঙ্ক হয়)	जलोदर, पागल कुत्ते या, सियार के काटने से होने वाला रोग	rabies, hydrophobia
জলাধার	বি.	जलाधार	১. জলাশয়	जलाधार, जलाशय	water reservoir
			২. যাহাতে জল সঞ্চিত রাখা হয়	जिसमें जल रखा जाता है	pond, water-container
জলাবর্ত	বি.	जलावर्त	ঘূর্ণি, জলের আবর্ত	जलावर्त, भंवर	whirlpool
জলীয়	বিণ.	जलीय	১. জল সম্বন্ধীয়	जलीय, जलसंबंधी	aqueous
			২. তরল	तरल	liquidified
			৩. জলজাত	जल में उत्पन्न	born in water
জলুই	বি.	जलुइ	১. বৃহৎ গজাল, বড় পেরেক	बड़ी कील, दोनों ओर नुकीली बड़ी कील	a big nail, a nail pointed at both ends used to join planks of a boat
			২. নৌকা প্রভৃতির তক্তা জোড়া দিবার জন্য ব্যবহৃত দুমুখ সরু লোহার পেরেক বিশেষ	जो नाव के तख्तों की जोड़ने के काम आती है	
জলুস	বি.	जलुस	জেল্লা, ঔজ্জ্বল্য	चमक, उज्ज्वलता	luster, brightness
জলো	বিণ.	जलो	১. জলমিশ্রিত	जलमिश्रित	mixed with water
			২. সজল	सजल	wet
			৩. জলের মতো	जल की तरह	waterlike
			৪. পানসে	पनैला	insipid, dull

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জলোচ্ছ্বাস	বি.	जलोच्छ्वास	১. জলের স্ফীতি ২. জোয়ার	बाढ़ ज्वार	spate high tide, tidal wave
জল্পনা	বি.	जल्पना	১. কথাবার্তা ২. বৃথা ভাষণ, বাচালতা ৩. পরামর্শ, প্রস্তাব, সূচনা	वाचालता, वार्तालाप बकवास परामर्श, प्रस्ताव, सूचना	useless talk or conversation garrulity advice, proposal, introduction
জল্লাদ	বি.	जल्लाद	১. ঘাতক ২. মৃত্যুদণ্ড প্রাপ্ত ব্যক্তিকে যে বধ করে ৩. অত্যন্ত নির্মম ব্যক্তি	जल्लाद, घातक जो मृत्युदंड प्राप्त व्यक्ति का वध करता है अत्यंत कठोर या निर्दयी व्यक्ति	hang man executioner extremely cruel person
জহর	বি.	जहर	১. বিষ ২. উজ্জ্বল রত্ন বিশেষ, মণি, বহুমূল্য প্রস্তর	जहर, विष बहुमूल्य रत्न, एक विशेष मणि	poison a precious stone, gem
জহরকোট/ জ্যাকেট	বি.	जहरकोट/ जहरज्याकेट	জহরলাল নেহরু কর্তৃক ব্যবহৃত ওয়েস্ট কোটের আদর্শে প্রস্তুত ফতুয়া জাতীয় জামা বিশেষ	जवाहर वास्केट	a type of waist coat used by Jawaharlal Nehru
জহরব্রত	বি.	जहरव्रत	রাজপুত রমণীগণের সতীত্ব রক্ষার্থ অগ্নিকুণ্ডে আত্মোৎসর্গ	जौहर, राजपूत रमणियों के सतीत्व की रक्षा के लिए आत्मोत्सर्ग	the practice of Rajput women folk to throw themselves in fire after the defeat of their menfolk in the war in order to defend their chastity
জহুরী	বি./বিণ.	जहुरी	যে ব্যক্তি জহরতের কারবার করেন, যে ব্যক্তি জহরত চেনেন বা জহরতের উৎকর্ষ নির্ণয় করিতে পারেন	जौहरी, रत्नों का पारखी	jeweller, lapidary

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জা	বি.	जा	স্বামীর ভ্রাতার পত্নী	पति के भाई की पत्नी, देवरानी अथवा जेठानी	wife of husband's brother
জাউ	বি.	जाउ	১. ফেনভাত ২. মণ্ড	लप्सी मांड	gruel porridge
জাঁক	বি.	जांक	১. গর্ব, গুমর ২. সমারোহ, আড়ম্বর ৩. চাপ	गर्व, अभिमान दिखावा, आडंबर दबाव	boast, conceit pomp, splendour pressure
জাঁকান	ক্রি.	जांकान	১. জমকালো হওয়া ২. শোভা মণ্ডিত করা	तड़क-भड़क का होना शोभा मंडित करना	to be pompous to fill with splendour
	বিণ.		১. জমকালো ২. গুলজার	शान-शौकतवाला गुलजार	splendid noisy, full of high spirits
জাগ	বি.	जाग	ফল ইত্যাদি পাকাইবার জন্য পাতা খড় ইত্যাদির চাপ	फल आदि पकाने के लिए प्रयुक्त सूखे पत्ते व घास	layers of straw, leaves etc. in which fruit is placed to ripen
জাগন্ত	বিণ.	जागंत	১. জাগ্রত ২. আধঘুম	जाग्रत अर्धनिद्रित	awake half asleep
জহরত	বি.	जहरत	মণিরত্নাদি, বহুমূল্য প্রস্তর সমূহ	जेवर, जवाहरात, बहुमूल्य गहने	jewellrey
জাঁকাল	বিণ.	जांकाल	জমকাল, আড়ম্বরপূর্ণ	शानदार, आडंबरपूर्ण या भड़कीला	splendid, pompous
জাগরণ	বি.	जागरण	১. জাগ্রত অবস্থা ২. নিদ্রা হইতে উত্থান	जागरण, जाग्रत अवस्था, नींद से जागृति	wakefulness, awakening from sleep
			৩. অনিদ্রা ৪. কীর্ত্তনাদি পালা গানের অঙ্গ বিশেষ	अनिद्रा पूरी रात का भजन-कीर्तन, अखंड कीर्तन	sleeplessness recital of devotional songs (in group) for the whole night,
			৫. বোধিপ্রাপ্তি	आत्मिकबोध,	spiritual, awakening
			৬. চেতনালাভ	सचेतनता, जागरूकता	awarenss, vigil

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জাগরূক	বিণ.	जागरुक	১. যে জাগিয়া আছে ২. সজাগ, সতর্ক হুঁশিয়ার ৩. অবিস্মৃত ৪. নিত্য প্রবুদ্ধ	जागरूक जो जगा हुआ हो, सजग, सतर्क, सावधान अविस्मृत हमेशा सचेत रहनेवाला	awake vigilant, watchful,careful unforgetful ever-wakeful
জাগা	ক্রি.	जागा	১. ঘুম হইতে উঠা ২. না ঘুমানো ৩. সর্তক হওয়া ৪. প্রবুদ্ধ হওয়া ৫. অবিস্মৃতভাবে বিদ্যমান থাকা	नींद से उठना जागते रहना सतर्क होना प्रबुद्ध होना लगातार जगे रहना	to awake to remain,awake (without sleep) to be watchful to be conscious to remain awake without fail
জাগ্রত/ জাগ্রৎ	বিণ.	जाग्रत/ जाग्रत्	১. যে জাগিয়া আছে, সজাগ ২. সতর্ক, সচেতন	जो जगा हुआ है, जाग्रत, सजग सतर्क, सचेत	awake, wakeful, conscious cautious
জাঙ্ঘ	বি.	जांग	জংঘা, উরু	जंघा, उरु	thigh
জাঙ্গাল	বি.	जांगाल	১. উচ্চপথ, রাস্তা ২. উচ্চ আল ৩. সেতু, বাঁধ	ऊंचा रास्ता ऊंची मुंडेर सेतु, बोंध	hilly road an elevated ridge of a road dam, embank-ment, a dyke
জাঙ্গিয়া	বি.	जांगिया	খাটো পায়জামা যাহাতে উরুর উপরিভাগ পর্যন্ত ঢাকা পড়ে	जांघिया	underwear
জাজিম	বি.	जाजिम	১. ফরাস, বিছানা ইত্যাদির চাদর ২. মেঝেতে বিছাইবার বেল বুটিদার বড় চাদর	फर्श आदि पर बिछाई जानेवाली चादर, जाजिम जमीन पर बिछाने की बेल बूटेदार बड़ी चादर	a chequered or figuered liner cloth spread over a floor, a carpet
জাজ্বল্যমান	বিণ.	जाज्वल्यमान	১. অতি উজ্জ্বল, দেদীপ্যমান ২. অতি স্পষ্ট	अत्यंत उज्ज्वल, दैदीप्यमान, तेजपूर्ण अत्यंत स्पष्ट	very bright, refulgent, rag ing burning, very vivid

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জাট/জাঠ	বি.	जाट/जाठ	জাতি বিশেষ	जाट, पश्चिमी उत्तर प्रदेश व हरियाणा की एक जाति का नाम	the name of a community of Hindus mostly in western U.P and Haryana
জাড়	বি.	जाड़	শীত, ঠাণ্ডা, হিম	जाड़ा, ठंडा, ठिठुरन	winter, cold, chill
জাড্য	বি.	जाड्य	১. জড়তা ২. আলস্য ৩. মূর্খতা	जड़ता, आलस्य, मूर्खता	sloth, laziness, stupidity
জাত	বিণ.	जात	১. উৎপন্ন ২. যে জন্মিয়াছে এমন ৩. আসল	उत्पन्न, जिसने जन्म लिया हो, असली,	produced, born, genuine,
	বি.		১. বর্ণ, জাতি ২. প্রকার	वर्ण, जाति, प्रकार	caste, class, type, kind, sort
জাতকর্ম	বি.	जातकर्म	জাতকৃত্য, শিশুর জন্মের পরে কৃত শাস্ত্র-বিহিত সংস্কার বিশেষ	जातकर्म, शिशु के जन्म के पश्चात् किया गया शास्त्रविहित एक संस्कार	a ceremony performed at the birth of a child before the cutting of the umbilical cord among Hindus
জাতভাই	বি.	जातभाई	১. স্বজাতি ২. একই ব্যবসায় বা শ্রেণীর লোক	स्वजाति या अपनी जाति का, एक ही व्यवसाय अथवा श्रेणी के आदमी	kinsmen, belonging to the same trade or class
জাঁতা	বি.	जांता	১. শস্যাদি গুঁড়া করিবার যন্ত্র ২. হাপরে হাওয়া দিবার যন্ত্র, ভস্ত্রা	चक्की, गेहूं आदि पीसने की चक्की धौंकनी	a grindstone bellows
জাতাশৌচ	বি.	जाताशौच	সন্তানের জন্ম হেতু অশৌচ	बच्चा होने के कारण होने वाला अशौच	state of impurity in a woman after giving birth to a child
জাতিচ্যুত	বিণ.	जातिच्युत	স্বজাতি বা স্বসমাজ হইতে বহিষ্কৃত	जातिच्युत, अपनी जाति या समाज से बहिष्कृत	out-caste

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জাতিভেদ	বি.	जातिभेद	হিন্দুদিগের চারিবর্ণের বা উহার অন্তর্গত উপরিভাগসমূহের মধ্যে পার্থক্য	जातिभेद, वर्णव्यवस्था	caste-system
জাতিস্মর	বিণ.	जातिस्मर	যাহার পূর্বজন্মের ঘটনা স্মরণ আছে	जिसे पूर्वजन्म की घटनाओं का स्मरण हो	one who remembers events of previous life
জাতি	বি.	जाति	জন্ম, উৎপত্তি	जन्म, उत्पत्ति	birth, origin
জাতী (জাতি)	বি.	जाती (जाति)	চামেলী বা মালতী জাতীয় একপ্রকার সুগন্ধি পুষ্প	चमेली अथवा मालती का फूल	a flower of jasmine family
জাঁতি	বি.	जांति	সুপারি কাটিবার যন্ত্র বিশেষ	सरौता	nut cracker, a kind of scissors used for cutting betelnut
জাঁতিকল	বি.	जांतिकल	জাঁতির ন্যায় আকৃতি বিশিষ্ট ইঁদুর মারিবার কল বিশেষ	चूहेदानी	rat-trap resembling a nut cracker
জাতীয়	বিণ.	जातीय	১. জাতি সম্বন্ধীয়	जातीय, जाति संबंधी	national, racial of a nation
			২. জাতিগত	जातिगत	typical tribe or community
জাত্যভিমান	বি.	जात्याभिमान	কুলগর্ব, উচ্চজাতিতে জন্মের জন্য অভিমান	जाति का अभिमान, कुलगर्व, उच्च जाति में उत्पन्न होने का अभिमान	pride of one's lineage or family
জাঁদরেল	বি.	जांदरेल	১. সেনাপতি	सेनापति	a General of the army
			২. জমকালো চেহারা বিশিষ্ট লোক	रोबदार चेहरेवाला विशिष्ट व्यक्ति	a robust personality
	বিণ.		১. জমকালো	तड़क-भड़क पूर्ण या भड़कीला	ostentatious
			২. জবরদস্ত	जबरदस्त	powerful
			৩. মস্ত, প্রকাণ্ড, ভয়ংকর	शक्तिशाली, भयंकर	gigantic

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জাদু	বি.	जादु	১. ভেল্‌কি, ইন্দ্র জাল, তুক, কুহক	जादू , इंद्रजाल, जादू करनेवाला मंत्र या वशीकरण मंत्र	magic, jugglery, sorcer y
			২. শিশুকে স্নেহ সম্বোধন	शिशु के प्रति स्नह संबोधन	affectionate address for a child address term for an immature adult
			ও (বিদ্রুপে) বাছাধন	(व्यंग्य में) बचकाना स्वभाव	(sarcastically) child's behavior
জাদুকর/ জাদুগর	বি.	जादुकर/ जादुगर	ঐন্দ্রজালিক, মায়াবী	जादूगर, इंद्रजालिक, मायावी	magician, enchanter
জাদুঘর	বি.	जादुघर	প্রদর্শশালা, মিউজিয়াম	म्युज़ियम, अजायबघर	a museum
জান	বি.	जान	১. জীবন, প্রাণ, ২. দৈবজ্ঞ, গণক	जीवन, जान, प्राण, दैवज्ञ, ज्योतिषी	life, breath, soothsayer, diviner
জানপদ	বিণ.	जानपद	১. জনপদ সম্বন্ধীয়	जनपद संबंधी	relating to a human settle-ment
			২. মফস্বলবাসী	जनपद का निवासी	inhabitant of a mofussil
			৩. মফস্বলে উৎপন্ন	जनपद में पैदा हुआ (व्यक्ति)	born in a mofussil
জানা	ক্রি.	जाना	১. অবগত হওয়া	अवगत होना, जानना	to know, to come
			২. টের পাওয়া	पता लगना	to know, to realise
	বিণ.		জানা (কথা)	जानी हुई बात	known, learnt
জানানা/ জেনানা	বি.	जानाना	১. স্ত্রীলোক ২. পত্নী ৩. অন্তঃপুর	स्त्री, महिला, जनाना पत्नी अंतःपुर	a woman a female wife zenana
জানালা	বি.	जानाला	বাতায়ন	खिड़की	window
জানু	বি.	जानु	হাঁটু	घुटना, जानु	knee
জানোয়ার	বি.	जानोयार	জন্তু, পশু	जानवर, जंतु, पशु	beast
জান্তব	বিণ.	जान्तव	১. জন্তুজাত ২. জন্তু সম্বন্ধীয়	जंतुजात जंतुसंबंधी	born of beasts beastly

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জাপক	বিণ.	जापक	জপকারী	जप करने वाला, जापक	one who repeats an incantation or the name of a deity
জাপটানো	ক্রি.	जापटानो	জড়াইয়া ধরা	लिपटना, आलिंगन करना	to clasp, to hug, to embrace
জাফরান	বি.	जाफरान	কেশর	जाफरान, केसर	saffron
জাফরানী	বিণ.	जाफरानी	নানা আকারের, পীত, হলদে	केसरिया, पीला, हल्दी के रंग का	yellow, of saffron colour
জাফ্‌রি	বি.	जाफ्‌री	ছিদ্রযুক্ত বেড়া বিশেষ	जाफरी, जाली	lattice, trellis
জাব	বি.	जाब	জাবনা, গরুর খাইবার কাটা খড় ইত্যাদি	चारा, पशुओं के खाने के लिए काटा चारा, कुट्टी	fodder, chopped straw given to cattle as fodder
জাবর	বি.	जाबर	রোমন্থন, চর্বিত চর্বণ	जुगाली, चर्वण	cud, rumination
জাবেদা	বি.	जाबेदा	দৈনিক হিসাবের পাকা খাতা শক্ত খসড়া বহি	दैनिक हिसाब का बहीखाता जिल्दबंद बहीखाता या कैशबुक	daily account-book hard bound account book or cash-book
জাম	বি.	जाम	জম্বু, ফল বা গাছ বিশেষ	जामुन का पेड़ व फल	rose apple fruit and tree
জামদানি	বি.	जामदानि	১. বুনিয়া ফুল তোলা মিহি কাপড়	फूल आदि के डिजाइन -वाला बुना हुआ महीन कपड़ा	a type of embroidered cloth in which flowers are woven rather than stitched
	বিণ.		২. নকশা তোলা বাসন ফুলকাটা, নকশা তোলা	डिजाइन वाला बर्तन, फूलों की कढ़ाईयुक्त, बेल बूटेदार	utensil with designs, marked with designs

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জামবাটি	বি.	जामबाटि	কাঁসার বড় বাটি	काँसे का बड़ा कटोरा	a large bowl of bellmetal
জামরুল	বি.	जामरुल	ফল বা গাছ বিশেষ	लुकाट	a kind of greenish and yellowish juicy fruit, star apple
জামা	বি.	जामा	সার্ট, কোট, কামিজ, ব্লাউজ ইত্যাদির অঙ্গাবরণ	शर्ट, कोट, कमीज, ब्लाउज इत्यादि पहनने के कपड़े	garments (shirt, jacket, blouse, etc.)
জামাই	বি.	जामाइ	জামাতা, কন্যার স্বামী	दामाद, कन्या का पति	son-in-law
জামাই আদর	বি.	जामाइ आदर	শ্বশুরালয়ে জামাতা যেরূপ আদর যত্ন পায় সেইরূপ আদর যত্ন, পরমাদর	ससुराल में दामाद को प्राप्त अत्यधिक स्नेह व सम्मान	the affectionate cordiality received by a son-in-law at his father-in-law's house
জামাইষষ্ঠী	বি.	जामाइषष्ठी	জ্যৈষ্ঠ মাসের শুক্লষষ্ঠীতে হিন্দুগণ কর্তৃক জামাই বরণের অনুষ্ঠান	ज्येष्ठ मास की शुक्ल षष्ठी को बंगाली हिंदुओं द्वारा दामाद को बुलाने का अनुष्ठान	a Bengali Hindu rite of receiving the son-in-law on the sixth day of the bright fortnight of the month of Jyestha
জামিন	বি.	जामिन	১. প্রতিভূ ২. অপরের জন্য দায়ী ব্যক্তি	प्रतिभूति दूसरों के कार्य के लिए उत्तरदायित्व लेने वाला व्यक्ति	security bail a bailee one who becomes security for another man
			৩. জামানত	जमानत	security deposit
জামিনদার	বি.	जामिनदार	যে ব্যক্তি জামিন হইয়াছে	जमानत करने वाला व्यक्ति, जामिनदार, जमानती	a bailsman, a surety
জামিয়ার	বি.	जामियार	সমস্ত জমিতে নকশাযুক্ত শাল বিশেষ	कढ़ाई किया हुआ शाल	a shawl embroidered all over

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জামির	বি.	जामिर	জম্বীর, গোঁড়া লেবু	नींबू	citron
জামাতা	বি.	जामाता	জামাই	दामाद या जमाई	son-in-law
জামানত	বি.	जामानत	জামিন স্বরূপ প্রদত্ত অর্থ	जमानत के रूप में दी गयी धनराशि	security deposit
জায়	বি.	जाय	১. ফর্দ, তালিকা ২. বিস্তৃত হিসাব	सूची, तालिका विस्तृत विवरण	inventory, list detailed statement of accounts
জায়গা	বি.	जायगा	১. স্থান, ঠাঁই ২. ক্ষেত্র, জমি ৩. অবস্থা, পরিবেশ ৪. আধারপাত্র ৫. আবাস, বাস ৬. পরিবর্ত	जगह, स्थान, आश्रय क्षेत्र, जमीन अवस्था, परिवेश आधार-पात्र निवास स्थान स्थानापन्न व्यक्ति या वस्तु	place, spot field, land situation, environment receptacle, container abode accommodation, substitute
জায়গির	বি.	जायगिर	পুরস্কার স্বরূপ প্রাপ্ত নিষ্কর ভূমি	जागीर, पुरस्कार स्वरूप प्राप्त करमुक्त भूमि	gift of tax free land
জায়গিরদার	বিণ.	जायगिरदार	জায়গির ভোগকারী	जागीरदार	one who enjoys the gift of a tax free land
জায়দাদ	বি.	जायदाद	ভূসম্পত্তি, এস্টেট (ইং)	जायदाद, भूसंपत्ति	landed property, estate
জায়ফল	বি.	जायफल	১. জাতিফল ২. হরিতকী জাতীয় কষায় ফল	जायफल हरड़ की जाति का कसैला फल	nutmeg, a bitter nut used as a spice
জায়া	বি.	जाया	পত্নী	जाया, पत्नी	wife
জার	বি.	जार	উপপতি	जार, उपपति	a paramour
জারক	বিণ.	जारक	যাহা জীর্ণ করে, হজমী	जीर्णकारी, पाचक	digestive

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জারজ	বিণ.	जारज	জারজাত, বেজন্মা	जारज, जारजन्मा	illegitimate, bastard
জারা	বি.	जारा	জরানো, জারিত	क्षय, क्षरण	corrosion, digestion
	বিণ.		জীর্ণ বা জারিত	जीर्ण, पचा हुआ, पाचक	digested, marinating, corroded, digested, marinated
	ক্রি.		জীর্ণ করা, জারানো	पचाना या जीर्ण करना	to digest, to corrode, to cause to wear out
জারি	বি.	जारि	১. প্রবর্তন ২. প্রয়োগ ৩. প্রচলন ৪. প্রচার	जारी, प्रवर्तन प्रयोग प्रचलन प्रचार	introduction application institution announcement
	বিণ.		১. প্রবর্তিত ২. কার্যকর ৩. চলিত ৪. প্রচারিত	प्रवर्तित जिसका प्रचलन हो जो चलता हो (चलित) प्रचारित, घोषित	introduced effective that which is in vogue proclaimed
জারিজুরি	বি.	जारिजुरि	প্রতাপ, দম্ভ, বাহাদুরী, স্পর্ধা	प्रताप, दंभ, बहादुरी, दुस्साहस	show of strength,bravado, impudence
জারুল	বি.	जारुल	কাঠ বা গাছ বিশেষ	जारुल नामक एक वृक्ष	timber, a tree in the North-East India
জাল	বি.	जाल	১. সুতা, দড়ি, তার ইত্যাদির ফাঁক ফাঁক করিয়া বুনিয়া প্রস্তুত ফাঁদ বিশেষ	जाल, सूतादि से बना जाल	net snare
			২. ফাঁদ	पाश या फंदा	thin cover
			৩. পাতলা আবরণ	पतला आवरण	artificial
	বিণ.		১. কৃত্রিম, মেকী	कृत्रिम, नकली	counterfeit
			২. ছদ্মবেশী	छद्मवेशी	disguised
			৩. কপট	कपटी	fraud ulent

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জালা	বি.	जाला	জল ইত্যাদির রাখিবার বৃহৎ মৃৎপাত্র বিশেষ	जल रखने का बड़ा घड़ा	big earthenware jar for storing water
জ্বালাতন	বি.	ज्वालातन	১. যন্ত্রণা দান ২. উৎপাত ৩. বিরক্তি উৎপাদন	यंत्रणा उत्पीड़न परेशानी	pestering harassment vexation
জ্বালানি/ জ্বালানী	বি.	ज्वालानि/ ज्वालानी	ইন্ধন, জ্বালাইবার কাঠ জ্বালাইবার উপযুক্ত বস্তু	ईंधन जलाने की लकड़ी, जलाने योग्य लकड़ी	fuel, wood fit to be used as fuel
জ্বালানে	বিণ.	ज्वालाने	১. যন্ত্রণাদাতা ২. যে জ্বালাতন করে, বিরক্ত করে	कष्ट देनेवाला कष्टदायक जो कष्ट पहुँचाता हो या पीड़ित करता हो	troublesome pesrtering, irritating
জালি	বি.	जालि	১. ছোট জাল ২. জাফরি ৩. কচিফল	जाली जाफरी कच्चा या नरमफल	small net lattice a tender fruit
	বিণ.		১. জালের মতো ফাঁক ফাঁক করিয়া তৈরি ২. অত্যন্ত কচি	जाली की तरह तैयार (कपड़ा) अत्यंत नर्म	trellised, reticular very tender
জালিবোট	বি.	जालिवोट	স্টীমারাদির সঙ্গে যে ছোট নৌকা বাঁধা থাকে	स्टीमर के साथ जो छोटी नौका बंधी रहती है	Jolly-boat
জালিয়াত	বি./বিণ.	जालियात	১. যে জাল করে ২. ফেরেববাজ	जालसाज चालबाज, फरेवी	a forger a faker, counterfeiter
জাহান্নম	বি.	जाहान्नम	ইসলামী শাস্ত্রানুসারী নরক	इस्लामी विश्वास के अनुसार नरक, जहन्नुम	hell according to Islamic scriptures
জাহাজ	বি.	जाहाज	অর্ণবপোত, ষ্টীমার	जहाज, स्टीमर	a ship, a steamer
জাহান্নাম	বি.	जाहान्नाम	১. নরক ২. অধঃপাত	जहन्नुम, नरक अधःपतन	the hell, inferno depravity

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জাঁহাপনা	বি.	जांहापना	১. জগতের আশ্রয় ২. বাদশাহকে সম্বোধন	जहाँपनाह, जगत का आश्रय बादशाह को संबोधन	the refuge of the world an address term for the Mughal Emperor
জাঁহাবাজ	বিণ.	जांहावाज	১. ধড়িবাজ ২. কূটবুদ্ধি ৩. দুর্দান্ত	धूर्त चालाक उद्धत या धृष्ट	deceitful cunning domineering
জাহির	বিণ.	जाहिर	১. প্রকাশিত ২. প্রদর্শিত ৩. প্রচারিত	प्रकट प्रदर्शित प्रचारित, घोषित	proclaimed exhibited announced
জাহ্নবী	বি.	जाह्नबी	গঙ্গা (নদী)	जाह्नवी (गंगा)	a name of the river Ganges (personified)
জিওল	বি.	जित्तल	গাছ বিশেষ	दीर्घकाल तक जीवित रहनेवाला पेड़	name of a tree famous for its longevity,
	বিণ.		দীর্ঘকাল বাঁচে এবং কোন পাত্রের জলে জিয়াইয়া রাখা হয় এমন	दीर्घकाल तक जीवित रहे एवं जिसको किसी पात्र के जल में जिंदा रखा जाए	long living, having been kept in water to keep alive
জিগির	বি.	जिगिर	১. উচ্চধ্বনি, উচ্চ চীৎকার ২. বিশেষ জোর ৩. জয়োল্লাস	शोर, तुमुलनाद हर्षध्वनि जयोल्लास	uproar furore acclamation exultation
জিঘাংসা	বি.	जिघांसा	হননের ইচ্ছা, বধের অভিলাষ	मारने की इच्छा, वध करने की इच्छा	desire to kill
জিজিয়া	বি.	जिजिया	মুসলমান রাজত্বে অমুসলমান প্রজাদের উপর ধার্য কর	जजिया कर, मुसलमानी राज्य में हिंदुओं पर लगाया जानेवाला कर	a tax imposed on non-muslims by Muslim rulers
জিজ্ঞাসা	বি.	जिज्ञासा	১. অনুসন্ধান ২. প্রশ্ন ৩. জানিবার ইচ্ছা	जिज्ञासा, अनुसंधान प्रश्न जानने की इच्छा	enquiry question inquisitiveness

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জিজ্ঞাসাবাদ	বি.	जिज्ञासावाद	কৌতুহলী প্রশ্নোত্তর, আলাপ আলোচনা	कौतूहल, प्रश्नोत्तर, विचार-विमर्श	interrogation, discussion,
	বিণ.		জিজ্ঞাসাকারী, অনুসন্ধিৎসু	जिज्ञासा करनेवाला, अनुसंधित्सु	researcher, inquisitive
জিজ্ঞাস্য	বিণ.	जिज्ञास्य	১. জিজ্ঞাসার যোগ্য বা বিষয়	जिज्ञासा किए जाने के योग्य	fit to be enquired, fit for research
			২. অনুসন্ধেয়	अनुसंधान योग्य	or investigation
জিত	বিণ.	जित	১. বিজিত	विजित	defeated
			২. জয়লব্ধ	जयप्राप्त	won, conquered
			৩. বশীভূত	वशीभूत	subjugated
			৪. পরাজিত	पराजित	vanquished
	বি.		জয়	जय	victory
জিতেন্দ্রিয়	বিণ.	जितेंद्रिय	যে কাম ক্রোধাদি রিপু বশীভূত করিয়াছে ইন্দ্রিয়বশীভূত করণ	जितेंद्रिय, इंद्रियों को जिसने वश में कर लिया हो	one who has conquered his passions, continence
জিদ	বি.	जिद	১. দৃঢ় সংকল্প, গোঁ	जिद, दृढ़ संकल्प, हठ	resoluteness obstinacy, importunity
			২. নাছোড়বান্দাভাব	हठ का भाव	excessive stubbornness,
			৩. আগ্রহাতিশয্য	दुराग्रह	misguided zeal
জেদী	বিণ.	जेदी	১. দৃঢ়প্রতিজ্ঞ	जिद्दी, दृढ़ प्रतिज्ञ	resolute
			২. একগুঁয়ে	हठी	obstinate
			৩. নাছোড়বান্দা	दुराग्रही	importune
জিন্	বি.	जिन	১. অর্হৎ	जिन्, अर्हत्	Buddhist anchorite attaining salvation
			২. বুদ্ধ	बुद्ध	the Buddha, a Jain friar
			৩. বিষ্ণু	विष्णु	Vishnu
	বিণ.		জয়কারী, বিজয়ী	विजयी	victorious

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জিনিস/ জিনিষ	বি.	जिनिस/ जिनिष	বস্তু	वस्तु	thing, an item
জিনিষপত্র	বি.	जिनिषपत्र	দ্রব্যাদি, বস্তুসম	चीजें, वस्तु समूह	articles, objects, items
জিন্দাবাদ	বি.	जिंदाबाद	দীর্ঘজীবী হউক, জয়ী হউক, এই উক্তি	जिंदाबाद, जिंदा रहे, अमर अथवा विजयी हो	long live, hail
জিভ/জিব	বি.	जिभ/जिब	জিহ্বা, রসনা	जीभ, जिह्वा या रसना	tongue
জিম্মা	বি.	जिम्मा	১. হেপাজত	जिम्मा, हिफाजत या उत्तरदायित्व	custody
			২. সংরক্ষণ	संरक्षण	preservation
			৩. দায়িত্ব	दायित्व	responsibility
জিয়ন্ত	বি.	जियंत	জীবন্ত, জ্যান্ত	जीवित, जिंदा	living, alive
জিয়ানো/ জীয়ানো	ক্রি.	जियानो/ जीयानो	বাঁচানো, বাঁচাইয়া রাখা	बचाना, जिंदा रखना	to keep alive a fish (in a vessel full of water)
জিরা/ জিরা মরিচ	বি.	जिरा/ जिरामरिच	জিরা ও মরিচ (মশলা বিশেষ)	जीरा, जीरामिर्च	cummin, cummin and pepper
জিরান	বি.	जिरान	১. বিশ্রাম	विश्राम	rest
			২. অবকাশ	अवकाश, फुर्सत	leisure, respite
জিরানকাঠ	ক্রি.	जिरानकाट	তিনদিন বন্ধ রাখিয়া খেজুর গাছ আবার কাটিলে তাহাকে জিরান-কাঠ বলা হয়	खजूर के पेड़ को तीन दिन बाद दूसरी बार काटना	renewed incision of a date tree after an interval of three days
জিলা/ জেলা	বি.	जिला/जेला	মহকুমার সমষ্টি, দেশ, প্রদেশ বা রাজ্যের রাজনৈতিক বিভাগ বিশেষ	जिला	a district
জিলাপি/ জিলেপি	বি.	जिलापि/ जिलेपि	কুণ্ডলাকার মিঠাই বিশেষ	जलेबी	a sweet made of flour soaked in syrup and fried (round shaped)

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জিহ্বা	বি.	जिह्वा	জিভ	जीभ, जिह्वा	tongue
জী	বি.	जी	১. সম্মানসূচক উপাধি	जी, सम्मानसूचक उपाधि	a term added with a name indicating respect
			২. মহাশয়, বাবু	महाशय, बाबू	(Sir), an address term
			৩. স্বীকারোক্তি সূচক	स्वीकारोक्ति	an utterance of affirmation
জীব	বি.	जीब	১. প্রাণী ২. প্রাণ ৩. (বৈজ্ঞানিক অর্থে) যাহার প্রাণ আছে, প্রাণী বা উদ্ভিদ	जीव, प्राणी प्राण (वैज्ञानिक अर्थानुसार) जिसमें जीवन है	creature life animate living beings, an organism
জীবজগৎ/ জীবজন্তু	বি.	जीवजगत/ जीवजंतु	মর্ত্যলোক, সংসার	जीव जगत्, प्राणी जगत	beasts and animals, living world, animal world
জীবৎ	বিণ.	जीवत्	১. জীবন্ত ২. জীবনবিশিষ্ট	जीवंत या जीवित जीवनयुक्त	alive living
জীবদ্দশা	বি.	जीवद्दशा	১. জীবিত কাল ২. জীবিতাবস্থা	जीवनकाल जीवित अवस्था	lifetime living state
জীবন	বি.	जीवन	১. প্রাণ ২. প্রাণ ধারণ	प्राण प्राण या जीवन	life carrying on the existence
			৩. আয়ু	आयु	longevity
			৪. প্রাণস্বরূপ, প্রিয়পাত্র	प्राणस्वरूप, अतिप्रियपात्र	as dear as life, a favourite
			৫. জল	जल	water
জীবধর্ম	বি.	जीवधर्म	ক্ষুধা তৃষ্ণা ইত্যাদি জীবের শারীরিক বৃত্তি	प्राणी की स्वाभाविक प्रवृत्तियां भूख-प्यास इत्यादि, प्राणी की शारीरिक वृत्तियाँ	natural tendencies of a living being, hunger, thirst etc.
জীববিদ্যা	বি.	जीवविद्या	প্রাণী বা উদ্ভিদের জীবন বিষয়ক শাস্ত্র বা বিদ্যা	प्राणिशास्त्र, जीव विज्ञान	biology

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জীবনবীমা	বি.	जीवनबीमा	যে বীমার অর্থ বীমাকারী নির্দিষ্ট মেয়াদ অন্তে বা তাহার মৃত্যু ঘটিলে তাহার উত্তরাধিকারী পায়	जीवन बीमा	life insurance
জীবন সঙ্গিনী	বি.	जीवन संगिनी	১. সহধর্মিণী ২. জীবনের সুখদুঃখ সহভাগিনী	जीवन संगिनी, पत्नी सहगामिनी	wife female life companion
জীবন স্বত্ব	বি.	जीवन स्वत्व	কেবল জীবৎ কালের ভোগাধিকারী	केवल जीवनकाल में ही उपभोग करने का अधिकार	ownership right for life
জীবনস্মৃতি	বি.	जीवनस्मृति	(আত্ম) জীবনের যে সব ঘটনা স্মরণে আছে	संस्मरण आत्मकथा	memoirs autobiography
জীবনী	বি. বিণ.	जीवनी	জীবন চরিত প্রাণদায়িনী	जीवनी, जीवन चरित प्राणदायिनी	biography life giving, vital
জীবন্ত	বিণ.	जीवंत	১. জীবিত, জ্যান্ত ২. অত্যন্ত সজীব বা স্পষ্ট	जीवित, जीवंत अत्यंत स्पष्ट	living, alive markedly distinct
জীবনমুক্ত	বিণ.	जीवनमुक्त	জীবদ্দশাতেই আত্মবোধ হেতু মায়াবন্ধন মুক্ত	जीवन्मुक्त, माया बंधन, मुक्त	freed from the attachment of illusion even in life because of self realization
জীবন্মৃত	বিণ.	जीवन्मृत	বাঁচিয়াও মৃত তুল্য, জ্যান্তে মরা হয়ে অসহ্য কষ্টে জীবন ধারণের গ্লানি বহন করে	जीवित रहते हुए भी मृत जैसा	one who tolerates with great hardship the indignity of existence
জীবলীলা	বি.	जीवलीला	জীবদ্দশা, মানবজীবনের কর্মকাল, জীবিতকাল	जीवित व्यक्ति के क्रियाकलाप, जीवनकाल (जब तक व्यक्ति जीवित रहता है)	the state of being alive, the span of life's activities, span of life

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জীবলোক	বি.	जीवलोक	মর্ত্যলোক, সংসার	जीवलोक, मर्त्यलोक	earth, family life, the world
জীবাণু	বি.	जीवाणु	অণুবীক্ষণে দৃশ্য অতি সূক্ষ্ম উদ্ভিদ বা প্রাণী	जीवाणु, अणुवीक्षण यंत्र में दिखाई देनेवाले अत्यंत सूक्ष्म प्राणी	microbe
জীবাত্মা	বি.	जीवात्मा	১. দেহধারী আত্মা, বিভিন্ন প্রাণীর দেহস্থ আত্মা ২. প্রাণ পুরুষ	जीवात्मा, प्राणपुरुष	the embodied soul the supreme soul as existent in different individual creaturers
জীবাশ্ম	বি.	जीवाश्म	শিলীভূত উদ্ভিদ বা প্রাণী	जीवाश्म, प्रस्तरीभूत उद्भिद, प्राणी, जीव-अवशेष	a fossil
জীবিকা	বি.	जीविका	জীবন ধারণের উপায়, বৃত্তি, পেশা	जीविका, जीवन निर्वाह का उपाय, वृत्ति या कामधंधा, पेशा	livelihood, profession
জীবিত	বিণ.	जीवित	জীবন্ত সজীব (জীবিতা বস্থা)	जीवित, सजीव, जीवन	alive, living, sentient, the lord
	বি.		জীবন (জীবননাথ, জীবতেশ্বর), জীবনধারা, প্রাণধারা	प्राणधारा, जीवनधारा	of one's life, life, life stream
জীয়ন্ত	বিণ.	जीयंत	জীবন্ত	जीवित, जीवंत	living, sentient
জীর্ণ	বিণ.	जीर्ण	১. ক্ষয়প্রাপ্ত ২. গলিত ৩. যাহা হজম হইয়াছে ৪. জারিত ৫. অতিপুরাতন, পুরাতন ও ছিন্নভিন্ন	जीर्ण, क्षयप्राप्त गलित जो हजम हो गया हो जीर्ण जीर्णशीर्ण पुराना और छिन्नभिन्न	worn out, decayed decomposed digested assimilated, pickled decrepit, dilapidated
জীর্ণোদ্ধার	বি.	जीर्णोद्धार	জীর্ণবস্তুর সংস্কার, মেরামত	जीर्णोद्धार, मरम्मत	repair, renovation

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জুঁই	বি.	जुंइ	যূথিকা, সুগন্ধিফুল বিশেষ	जूही, यूथिका (एक सुगंधित फूल)	jasmine flower
জুগুপ্সা	বি.	जुगुप्सा	নিন্দা, ঘৃণা	जुगुप्सा, निंदा, घृणा	calumny, defamation, abuse, hate
জুজু	বি.	जुजु	শিশুদিগকে ভয় দেখাইবার জন্য কল্পিত ভয়ংকর জীব	बच्चों को डराने के लिए कल्पित भयंकर जीव, हौआ	bugbear
জুজুবুড়ী	বি.	जुजुबुड़ी	ভয়ংকর জীববিশেষ, কল্পিত ছেলেধরা, পিশাচী	बच्चे पकड़नेवाली काल्पनिक पिशाचिनी	imaginary child lifting fiendish woman
জুজুৎসা	বি.	जुजुत्सा	জাপানী মল্লবিদ্যা বিশেষ	जापानी मल्ल विद्या	ju-jitsu a Japanese style of wrestling
জুটা	ক্রি.	जुटा	১. জোটা, মেলা	एकजुट होना	to gather, to assemble
			২. যোগাড় হওয়া	इकट्ठा होना	to collect
			৩. উপস্থিত হওয়া	उपस्थित होना	to appear
			৪. একত্র হওয়া	एकत्र होना	to assemble, together
জুড়া/ জুড়ানো	ক্রি.	जूड़ा/ जुड़ानो	১. শীতল হওয়া বা করা	ठंड़ा होना अथवा ठंड़ा करना	to cool down or to cause to cool
			২. তৃপ্ত হওয়া	तृप्त होना	to be satisfied
			৩. জোড়া দেওয়ানো	जोड़ना	to cause to join or attach
জুড়ি	বি.	जुड़ि	১.জোড়া, দম্পতি	जोड़ा, दंपत्ति	a pair, a couple
			২. দুই ঘোড়ার গাড়ী	दो घोड़ों की गाड़ी	a carriage drawn by a pair of horses
			৩. সমতুল্য দ্বিতীয় ব্যক্তি বা বস্তু	दोनों एक समान व्यक्ति अथवा वस्तु	sameness of two persons or objects
			৪. যাত্রার আসরে দাঁড়াইয়া একযোগে গান করে এইরূপ গায়কদল	यात्रा में खड़े होकर एक साथ गाना गाने वाले गायक दल	singers singing in concert in a Jatra
			৫. সেতারে একসুরে বাঁধা দুটি তার	एक ही स्वर में मिले हुए सितार के दो तार	two strings of sitar tuned to the same note

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জুত	বি.	जुत	১. সুবিধা, সুযোগ	सुविधा, सुयोग	suitability, opportunity
			২. আরাম	आराम	comfort
			৩. সুস্থভাব, স্বাভাবিক অবস্থা	स्वाभाविक अवस्था	normality or normalcy
জুতা	বি.	जुता	পাদুকা	पादुका, जूता	shoe
	ক্রি.		১. জুতা দিয়া প্রহার করা, নিদারুণ অপমান করা	जूते के द्वारा प्रहार करना, घोर अपमान करना	to beat with a shoe, to insult
			২. গাড়ী লাঙ্গল ইত্যাদিতে বলদাদি যোজিত করা	गाड़ी, हल इत्यादि में बैल आदि को जोतना	to yoke
জুম্মা	বি.	जुम्मा	শুক্রবার, নমাজের দিন	जुम्मा, शक्रवार, नमाज पढ़ने का दिन	Friday, the weekly day of prayer for Muslims
জুয়া	বি.	जुया	দ্যুতক্রীড়া, বাজি রাখিয়া খেলা	जुआ, द्यूत क्रीड़ा	dice-playing , gamblin g
জুয়াচুরি	বি.	जुयाचुरि	প্রবঞ্চনা, প্রতারণা	प्रवंचना	swindling, cheating
জুয়াচোর	বি.	जुयाचोर	প্রবঞ্চক, যে ঠকায়, জোচ্চর	प्रवंचक, जो ठगता है, ठग, धूर्त	a swindler, a cheat, a fraud, a thug
জুরি	বি.	जुरि	আদালত কর্তৃক জন সাধারণের মধ্য হইতে মনোনীত ব্যক্তি সমষ্টি যাহারা আসামী দোষী কি নির্দোষ সে সম্পর্কে মত দেন	पंच या न्यायज्ञ, जूरी	a jury, juror
জুলফি	বি.	जुलफि	কানের পাশ হইতে গালের কিছুদূর পর্যন্ত রাখা চুল	जुल्फ या जुल्फी अथवा कान के पास से गाल तक लटके हुए बालों की लट	lovelock
জুলি	বি.	जुलि	১. জলনালী	पानी की नाली,	an outlet for water
			২. ছোট নালা	छोटा नाला	a narrow drain

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জুচ্চুরি/ জোচ্চরি	বি.	जुच्चुरि/ जोच्चरि	জুয়াচুরি	প্রবংচনা, প্রতারণা	swindling,fraud
জুলুম	বি.	जुलुम	অত্যাচার, উৎপীড়ন	जुल्म, अत्याचार, उत्पीड़न, जबरदस्ती	repression, persecution, application of force unlawfully
জুলুমবাজি	বি.	जुलुमबाजि	অত্যাচার	जुल्मबाजी, अत्याचार	oppression, excesses
জেটি (ইং)	বি.	जेटि (अं.)	জাহাজে উঠিবার বা জাহাজ হইতে নামিবার উঁচু ঘাট	जहाज पर चढ़ने अथवा उतरने का पक्का ऊंचा घाट	jetty
জেঠা	বি.	जेठा	জ্যেষ্ঠ তাত, পিতার বড় ভাই	पिता का बड़ा भाई, ताऊ	elder brother of one's father, uncle
	বিণ.		অকালপক্ক	अकालपक्व, अकाल प्रौढ़	precocious
জেঠী	বি.	जेठी	জেঠাইমা, জেঠিমা	पिता के बड़े भाई की पत्नी, ताई	wife of father's elder brother, aunt
জেঠামি	বি.	जेठामि	পাকামি, ফাজলামি, বাচালতা	प्रौढ़ता, ओछापन, वाचालता	precocity, garrulity
	বিণ.		বিজয়ী, জয়লাভ করা	विजयी	victorious
জেদ	বি.	जेद	দ্রঃ জিদ		
জেনানা	বি.	जेनाना	দ্রঃ জানানা		
জেব	বি.	जेब	পকেট	जेब	pocket
জেব্রা	বি.	जेब्रा	ডোরাকাটা অশ্বজাতীয় পশু বিশেষ	घोड़े की जाति का पशु, जेबरा	zebra
জের	বি.	जेर	১. পূর্বের হিসাবের অবশেষ	पहले हिसाब का बाकी अंश	carry forward from the previous balance, (of account)
			২. অনুবৃত্তি	अनुवृत्ति	continuity
			৩. রেশ	पुराना बाकी	balance

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জেরবার	বিণ.	जेरबार	১. জর্জরিত ২. ঋণগ্রস্ত ৩. হয়রান ৪. নাকাল ৫. বিপর্যস্ত	जर्जरित ऋणग्रस्त परेशान लज्जित विपर्यस्त (जो बुरे दिनों में है)	decrepit indebte d harassed embarrassed one who is facing bad times
জেরা	বি.	जेरा	এজাহারের সত্যাসত্য নির্ণয়ের নিমিত্ত সাক্ষীকে বিবিধ কূটপ্রশ্ন	जिरह, सवाल–जवाब	cross-examination, argumentation
জু/জুস (ইং)	বি.	जु/जुस	মৎস্য মাংসাদির ঝোল, ক্বাথ	रस, मांस व सब्जी का शोरवा	juce, gravy, broth
জেল (ইং)	বি.	जेल	কারাগার, ফাটক	जेल, कारागार, फाटक	jail, prison
জেলা	বি.	जेला	জিলা, মহকুমার সদর দফ্‌তর, প্রশাসনিক সদর	जिला, मंडल, प्रदेश अथवा राज्य का प्रशासनिक प्रभाग	an adminis-trative unit of a state, district
জেলি	বি.	जेलि	ফলাদির রস চিনির রসে ফুটাইয়া প্রস্তুত মোরব্বা জাতীয় খাদ্য বিশেষ	जेली, फल के रस को चीनी में पका कर तैयार की गई खाद्‌य वस्तु	jelly
জেলে	বি.	जेले	ধীবর, মৎস্য ব্যবসায়ী, জাতি বিশেষ	मछुआ, धीवर, मछली का व्यवसाय करनेवाली जाति	fisherman, one who deals in fish, name of a caste
জেলে ডিঙ্গি	বি.	जेलेडिंगि	মাছ ধরিবার ছোট নৌকা	डोंगी, मछली पकड़ने की छोटी नौका	a small fishing boat
জেল্লা	বি.	जेल्ला	জুলুস, ঔজ্জ্বল্য, চাকচিক্য চেকনাই	उज्ज्वलता, चमक, चौंध, कांति	lustre, brightness, spark, brilliance
জেহাদ	বি.	जेहाद	কাফেরগণের বিরুদ্ধে মুসলমানগণের ধর্মযুদ্ধ	जिहाद, विधर्मियों के विरुद्‌ध किया जाने वाला मुसलमानों का धर्मयुद्‌ध	jehad
জৈন	বি.	जैन	মহাবীর প্রবর্তিত ধর্ম সম্প্রদায়	जैन	Jain, a follower of Jain sect as propagated by Mahavira

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জৈব	বিণ.	जैव	১. জীব সম্বন্ধীয় ২. প্রাণিজ, জীবজাত ৩. জান্তব	जीव संबंधी प्राणिज, जीवजात जंतु संबंधी	organic of an animal pertaining to an animal
জো	বি.	जो	১. সুযোগ সুবিধা ২. উপায় ৩. সুত্র ৪. বীজ বপনের উপযুক্ত সময়	सुयोग, सुविधा उपाय सूत्र बीज बोने का उपयक्त समय	opportunity convenience means, clue suitable time for sowing
জোঁক	বি.	जोंक	জলৌকা, রক্তপায়ী কীট বিশেষ	जोंक	leech
জোকার	বি.	जोकार	হুলুধ্বনি, উলুধ্বনি	बंगाली समाज में विवाहादि अवसरों पर महिलाओं द्वारा की गई शुभसूचक उलूकध्वनि	a sound made by rapid movement of tongue inside the closed mouth to mark the auspicious begining of a function like wedding as practised in Bengali society
জোখা	ক্রি.	जोखा	১. ওজন করা ২. পাশাপাশি রাখিয়া তুলনামূলক ভাবে মাপা	तोलना पास पास रखकर तोलना	to weigh to make a comparative weighing by placing two objects side by side
জোগাড়	বি.	जोगाड़	সংগ্রহ, আয়োজন	संग्रह, आयोजन	collecting, gathering, arranging
জোচ্চোর	বি./বিণ.	जाच्चोर	শঠ, ধূর্ত, প্রবঞ্চক	शठ, धूर्त, प्रवंचक	cheat, fraud, crooked
জোগান	বি.	जोगान	সরবরাহ	आपूर्ति	supply

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জোট	বি.	जोट	১. মিলন, সমাবেশ	जोड़ा, मिलन, समावेश	union, assemblage
			২. দল	दल या समूह	group
			৩. গাঁট	गांठ	knot
জোটা	ক্রি.	जोटा	১. মেলা, মিলিত হওয়া	मिलना,	together, to meet
			২. জোগাড় হওয়া	इकट्ठा होना	to assemble
			৩. উপস্থিত হওয়া	उपस्थित होना	to be present
জোড়	বি.	जोड़	১. মিলন, সংযোগ	मिलन, संयोग	union, contact
			২. যুগল	युगल, जोड़ा	couple
			৩. ধুতি চাদর	धोती चादर (आदि का जोड़ा)	a dhoti (an unstitched cloth used as a dress)
জোড়া	বিণ.	जोड़ा	যুগল, দুইখানি বা দুইটি	(दो का) जोड़ा, युगल	pair
	বি.		১. জুড়ি, সমকক্ষ বস্তু বা ব্যক্তি	जोड़ी, समान वस्तु अथवा व्यक्ति	rival, equal
			২. যুগ্ম	युग्म	couple
			৩. সংযোগ	जोड़	joining
জোড়াতালি	বি.	जोड़ातालि	১. সেলাই ও তালি দিয়া ছিদ্রাবরণ	सिलाई द्वारा पैबंद लगाकर फटे हुए अंश की मरम्मत	patch work
			২. গোঁজামিল	फूहड ढंग से फेरबदल	clumsy handling
জোড়াতাড়া	বি.	जोड़ाताड़ा	১. কোনও রকমে জোড়া দেওয়া	किसी प्रकार से हिसाब मिलाने की कोशिश	effort to adjust the accounts by any means
			২. ভাঙ্গাগড়া	जोड़ तोड़	clumsy manipulation
জোত	বি.	जोत	১. চাষের জমি ২. লাঙ্গল বা গাড়িতে গরু বাঁধিবার দড়ি	जोत, खेती की जमीन जोते जानेवाले पशु के गले में बंधी रस्सी	agricultural land a rope for binding an ox, a yoke, a plough, halter
জোতদার	বি.	जोतदार	জমিদারের অধীনে কর্ষণ যোগ্য ভূ-সম্পত্তির মালিক, রায়ত	जोतदार, रैयत, कृषक	owner of proprietary agricultural land, farmer

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জোতসত্ব	বি.	जोतसत्व	চাষের জমিতে স্বত্ব, রায়তী স্বত্ব	खेती की जमीन पर अधिकार	ownership right on agricultural land, farming right
জোতা	ক্রি.	जोता	গাড়ী লাঙ্গল ইত্যাদিতে বলদাদি যুক্ত করা	गाड़ी, हल में बैल जोतना	to yoke
জোব্বা	বি.	जोव्वा	হাঁটু পর্যন্ত লম্বা ঢিলা মুসলমানী জামা বিশেষ	घुटने तक लंबा ढीला, मुसलमानी वस्त्र	a long loose fitting garment worn by muslims
জোয়ান	বি.	जोयान	১. যুবক ২. বলবান ব্যক্তি ৩. সৈনিক	जवान, युवक बलवान व्यक्ति सैनिक	a youngman a strong man soldier
জোয়ার	বি.	जोयार	১. চন্দ্রসূর্যের আকর্ষণ জনিত সমুদ্র ও নদনদীর জল স্ফীতি	ज्वार, जल का चढ़ान, चंद्रमा-सूर्य के आकर्षण से उत्पन्न समुद्र में होनेवाला लहरों का उछाल	tide, jowar
			২. শস্য বিশেষ	ज्वार	millet
জোয়াল	বি.	जोयाल	লাঙ্গলে বা গাড়ীতে দুই গরুর যোগ সাধক কাঠ বা বাঁশ	हल अथवा गाड़ी में दो बैलों के कंधो पर जोतने वाला लकड़ी का जुआ	a yoke
জোর	বি.	जोर	১. শক্তি, বল	जोर, शक्ति, बल	strength, might, effort
			২. উচ্চতা, তীব্রতা	उच्चता, तीव्रता	loudness, keenness
			৩. বল প্রয়োগ	बल प्रयोग	application of force
			৪. দৃঢ়তা	दृढ़ता	firmness
			৫. অধিকার, দাবী	अधिकार	right, claim
	বিণ.		উচ্চ, তীব্র, চড়া	उच्च, तीव्र, तीक्ष्ण	loud, keen, sharp, firm
জোর জুলুম	বি.	जोर जुलुम	জবরদস্তি, অত্যাচার	जोरजुल्म, जबरदस्ती, अत्याचार	violence, oppression, repressive measures
জোর তলব	বি.	जोर तलब	সত্বর হাজির হওয়ার জন্য কড়া হুকুম	जल्दी हाजिर होने के लिए कड़ा हुक्म, समन	urgent summon

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
জোর বরাত	বি.	जोर बरात	সৌভাগ্য , জোর কপাল	सौभाग्य, जोरदार भाग्य	good luck, unexpected fortunes
জোরাল	বিণ.	जोराल	শক্তিমান, প্রবল	शक्तिमान, प्रबल	strong, powerful, violent
জোরু/ জরু	বি.	जोरू/ जरू	পত্নী, স্ত্রী	पत्नी, स्त्री, जोरू	wife
জোলা	বি.	जोला	১. মুসলমান তাঁতী ২. বোকা	मुसलमान तंतुवाय अथवा जुलाहा मूर्ख	a Mohammedan weaver a fool
জোলাপ	বি.	जोलाप	বিরেচক ঔষধ	रेचक औषधि, जुलाब	a purgative, a laxative
জোলা-জলো	বিণ.	जोला-जलो	জলমিশ্রিত	जलमिश्रित, पनैला	mixed with water, watery
জোর কপাল	বি.	जोर कपाल	ভাগ্যের জোর, অনুকূলতা	भाग्य का जोर अथवा अनुकूलता	unexpectedly favourable turn of events
জো-সো	ক্রি.বিণ.	जो- सो	যে কোন উপায়ে, যে কোন প্রকারে, যেমন তেমন	किसी तरह, जैसे तैसे	by any means, of any kind, anything and every thing
জৌ	বি.	जौ	গালা	लाख	lac
জ্ঞাত	বিণ.	ज्ञात	১. বিদিত ২. অবগত ৩. জানে এমন বা জানা আছে এমন	ज्ञात, विदित अवगत जाना हुआ अथवा जानकार	known informed one who knows or a thing known
জ্ঞাতব্য	বিণ.	ज्ञातव्य	১. জ্ঞেয় ২. জানিবার যোগ্য	ज्ञातव्य, ज्ञेय जानने योग्य	knowable fit to be known
জ্ঞাতসারে	ক্রি.বিণ.	ज्ञातसारे	সজ্ঞানে, জানিয়া, গোচরে	जान बूझकर, आंखों के सामने	consciously, knowingly, perceptibly

